১৮৬৭ সালের ৭ নভেম্বর রাশিরা অধিকৃত পোলাণ্ডের ওয়ার্সো নামক শহরে শিক্ষক মাতা-পিতার গৃহে মেরীর জন্ম হয়। মেরীর বাব ভ্লাডিস্ল একটি স্কুলে অঙ্ক ও ফিজিক্স পড়াতেন এবং মা ব্রুনিলাভা স্কলদোস্কা মেয়েদের একটি প্রাইভেট স্কুলে প্রিন্সিপাল পদে নিযুক্ত ছিলেন। মেরীর মা ছিলেন যক্ষ্মারোগী। তাই পাঁচটি সন্তানের দেখাশুনার প্রয়োজনে এবং অসুস্থতার কারণে অবশেষে চাকরি ছাড়তে বাধ্য হন। পোলাণ্ডে তখন পোলিশ ভাষায় পড়াশুনা করা সম্ভব ছিল না। স্কুল, কলেজ ও অফিসের সকল কাজকর্ম রুশ ভাষায় চলত। এমনি এক স্বাস্থ্যসংক্রমক পরিবেশে মেরীর বাবা স্কুলের চাকরিটা হারালেন। সংসারে হঠাৎ আয়ের পথ রুদ্ধ হয়ে যাওয়ার কারণে মেরীদের বড় বাসার পরিবর্তে ছোট বাসায় স্থানান্তরিত হতে হয় এবং একসময় বাঁচার তাগিদে সেই ছোট বাসায় ছাত্রদের বর্তিবহের ব্যবস্থা করা হয়। ছোটবেলায় মেরী ছিলেন অন্তিমুখী। বেশী লোকজনের সঙ্গে মিলে মিশে বাস করতে গিয়ে মেরী আত্মে কথা বলা, ধীর-স্থির ভাবে চলাফেরা করা এবং সর্বোপরি নিজের আবেগ, অনুভূতি গোপন করতে অর্থাৎ আত্মনিয়ন্ত্রণ করতে অভ্যস্ত হয়ে পড়েন। পারিবারিক অবস্থা এমন শোচনীয় হয়ে পড়ে যে একসময় মেরীকে নিজের শোরার ঘর ভাড়া দিয়ে প্রতি রাত ডাইনিং টেবিলের পাশে বিছানা করে শুতে হতো এবং অনেক ভোরে ঘুম থেকে উঠে বিছানা গুটিয়ে ফেলে ডাইনিং টেবিলে নাস্তার আয়োজন করতে হতো।

মেরী অত্যন্ত মেধাবী ছিলেন। মাত্র চার বৎসর বয়সে একখানা বই গড় গড় করে পড়েছিলেন। মেরীর বয়স যখন এগারো তখন তার মা যক্ষ্মারোগে এবং বড়বোন টাইফয়েডে মারা যান। এই সময় মেরী চরম হতাশায় মানসিক অবসাদে ভোগেন এবং প্রথম বিশ্বাস করতে শুরু করেন যে ইস্কর বলে কিছু নেই। মেরীর বড়ভাই পোলাণ্ডের নামকরা বিশ্ববিদ্যালয়ে পড়তেন। মেরী ও তার বড় বোনের ভীষণ ইচ্ছা ছিল বিশ্ববিদ্যালয়ে পড়ার, কিন্তু ঐ সময়ে মেরীদের বিশ্ববিদ্যালয়ে পড়ার অনুমতি ছিল না। তখন মেরী ও তার বড়বোন ব্রনিয়া পরিকল্পনা করলেন যে তারা পালান করে চাকরি ও পড়াশুনা করবেন। পরিকল্পনা হল, বড় বোন ব্রনিয়া ফ্রান্সে গিয়ে মেডিকেল পড়বেন এবং পড়াশুনার জন্য যা অর্থের দরকার তা ছোটবোন মেরী চাকরী করে যোগাড় করবেন। তারপর ব্রনিয়া চাকরি করে মেরীকে পড়াশুনা করাবেন। তাই কথামতো মেরী জুওরস্কি নামে এক ধনী ব্যক্তির বাড়িতে গর্ভনেসের কাজ নিয়ে ওয়ার্সো শহর থেকে ষাট মাইল দূরে এক শহরে চলে যান। সেই ব্যক্তির বাড়িতে ছোট দুটো বাচ্চাকে সাত ঘন্টা মেরীকে পড়াতে হতো। এরপর যেটুকু সময় বের করতে পারতেন তিনি লাইব্রেরীতে গিয়ে পড়াশুনা করতেন এবং অবসরে পিতার অনুমতি নিয়ে আশ-পাশের কৃষক সন্তানদের অক্ষর জ্ঞান দিতেন, যদিও এই কাজ তখন বেআইনি ছিল এবং ধরাপড়লে জেলে যাওয়ার সম্ভাবনা ছিল।

মেরী অত্যন্ত ধৈর্যশীল ও সংবমী ছিলেন। জুওরস্কিদের বাড়িতে থাকাকালীন ওদের বড় ছেলে যে বিশ্ববিদ্যালয়ে পড়ছে ওর সঙ্গে মেরীর প্রেমের সম্পর্ক গড়ে উঠে এবং ওরা দুজনে বিবাহ নামক পবিত্র বন্ধনে আবদ্ধ হতে চেয়েছিলেন কিন্তু এ ঘটনা জুওরস্কিদের পরিবারের আত্মমর্যাদায় ভীষণ আঘাত হানে এবং ওরা স্থির করে ওদের ছেলে একটি গর্ভনেসকে কখনো বিয়ে করতে পারবে না। এরপর সকল অপমান সহ্য করে সেই বাড়িতে আরও আড়াই বৎসর চাকরি করেন। একমাত্র কারণ প্রতিশ্রুতি মতো বড়বোনের পড়াশুনার টাকা যোগাড় করার জন্য।

মেরী ছেলেটাকে ভীষণ ভালবাসতেন এবং তার আশা ছিল হয়তো এমন একদিন আসবে যে তার সাথে ঘর করতে পারবেন কিন্তু সেই দিন মেরীর জীবনে কোনদিন আসেনি।

১৮৯১ সালে ফ্রান্সে বড়বোন রনিয়ার মেডিকেল পড়া শেষ হলে কথামতো মেরীর পড়াশুনার পালা আসে। অতঃপর সঙ্গে মাত্র চব্বিশটি রুবল, একটি ট্রাঙ্ক ও একটি কম্প চেয়ার নিয়ে মেরী প্যারিসের উদ্দেশ্যে রওয়ানা হন। মেরী ইউনিভার্সিটি অব প্যারিসে ভর্তি হন। দীর্ঘ আট বৎসরের বিরতির পর প্রথমে অঙ্ক ও বিজ্ঞানের বিভিন্ন শাখায় তাকে হিমসিম খেতে হয় এবং ফরাসি ভাষাটা তখনও তার আয়ত্তে ছিল না। ফরাসি ভাষা আয়ত্তে না থাকায় অঙ্ক ও বিজ্ঞানের বিভিন্ন শাখায় তাকে হাবুডুবু খেতে হয়। প্যারিসে কয়েকদিন থাকার পর শহরের আরেক প্রান্তে খুব কম দামে ছয় তালার উপরে ছোট একটি ঘর ভাড়া নেন, কিন্তু সেই ঘরে জলের ব্যবস্থা যেমন ছিল না, তেমনি ছিল না ঘর উত্তপ্ত করার ও ব্যবস্থা। এই অবস্থায় শীতে, ফ্রিডে, ক্লান্তিতে অবশ্য অজ্ঞান হয়ে পড়ে থাকেন। সেই সময় তার বোনের স্বামী এসে তাকে উদ্ধার করেন। এভাবে ক্রমাগত কঠিন পরিশ্রম এবং অধ্যাবশায়ের দ্বারা সব বাধা অতিক্রম করে মেরী ১৮৯৪ সালে ক্লাসের সেরা ছাত্র হিসাবে প্রথমে ফিজিক্স ও পরে অঙ্কে মাস্টার্স করেন।

১৮৯৫ সালে মেরী পীয়ের ক্যুরি নামে এক তুখোড় পদার্থবিদের ল্যাবে কাজ করার সুযোগ পান। গিয়রের দিলখোলা আদর্শবাদী উদারপন্থী স্বভাবে মেরী অভিভূত হন। পীয়ের আট বৎসরের বড় হলে ও দু'জনের মধ্যে রোমান্টিক সম্পর্ক গড়ে। পীয়ের ও মেরী দুজনেই ছিলেন বিজ্ঞানের প্রতি আসক্ত ও পরিপূর্ণ নিবেদিত, জাগতিক চাহিদার প্রতি উদাসীন এবং খ্যাতির ব্যাপারে নির্মোহ। পীয়ের সঙ্গে বিজ্ঞান সাধনা ও ব্যক্তিগত সম্পর্কের গভীরতা থাকা সত্ত্বেও মেরী পোলাণ্ডে ফিরে গিয়ে গবেষণা করার বন্ধপরিষ্কর। এমতাবস্থায় পীয়ের মেরীকে বোঝানোর চেষ্টা করেন যে প্যারিসে থাকলে আধুনিক যন্ত্রপাতির সাহায্যে উন্নতমানের গবেষণা করার যে সুযোগ তা পোলাণ্ডে মেরী পাবেন না। এছাড়া দুজনে মিলে একত্রে বিজ্ঞান চর্চা করতে পারলে পদার্থবিদ্যায় নতুন দিগন্ত খুলে যাবার সম্ভাবনা রয়েছে। কিন্তু বহু চেষ্টার পরেও পীয়ের বিফল হয়ে সিদ্ধান্ত নেন যে তিনি নিজেই মেরীর সঙ্গে পোলাণ্ডে যেতে রাজি কিন্তু মেরীকে হারাতে রাজি নন। পীয়ের এই সিদ্ধান্তে মেরী সন্তুষ্ট হয়ে যান এবং দ্বিধা না করে ১৮৯৫ সালে পীয়ের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন।

মেরীর প্রথম কন্যা আইরিনের জন্মের সময় মেরীর বয়স ছিল উনত্রিশ বৎসর। আইরিনের জন্মের কয়েক সপ্তাহের মধ্যেই পীয়ের মা মারা গেলে পীয়ের বাবা ইউডিন মেরীদের কাছে চলে এলেন এবং আইরিনের দেখাশুনার দায়িত্ব নিয়ে মেরীকে নিজের কাজে মনোনিবেশ করার পরামর্শ দিলেন। মেরী তখন হাতে সময় পেয়ে পী, এইচ, ডি ডিগ্রিটা শেষ করেন। ফ্রান্সে তিনিই প্রথম নারী ডক্টরেট। তার গবেষণার বিষয় ছিল 'রেডিওঅ্যাক্টিভিটি'।

১৮৯৬ সালে হেনরী বেকুরেল আবিষ্কার করেন যে ইউরেনিয়াম সল্ট থেকে এক্সরের মতো একরকম তীর্ষক রশ্মি বিচ্ছুরিত হয় এবং এই বিচ্ছুরণের জন্য বাইরের কোন এনার্জির দরকার হয় না। কম্পাউন্টের অন্তর্নিহিত শক্তি থেকেই এই রশ্মি তৈরি হয়। মেরী বেকুরেলের এই রহস্যময় রশ্মি নিয়েই থিসিস লেখেন। মেরী এই কাজের জন্য পীয়ের ক্যুরি ও তার ভাইয়ের দশ বৎসর আগে আবিষ্কৃত ইলেক্ট্রিমিটার ব্যবহার করেন। এই ইলেক্ট্রিমিটার ইলেক্ট্রিক চার্জ মাপতে পারে। মেরী ইউরেনিয়াম থেকে বিচ্ছুরিত রশ্মির আশে-পাশের বায়ুর ইলেক্ট্রিক চার্জ

মেপে নিশ্চিত হন যে ইউরেনিয়াম রশ্মি বায়ুতে বিদ্যুৎ তরঙ্গের সৃষ্টি করে এবং এই রশ্মির তীব্রতার জন্য একমাত্র দায়ী ইউরেনিয়ামের মাত্রা বা পরিমাণ। কেবলমাত্র ইউরেনিয়ামের পরিমাণ থেকেই এই রশ্মির সৃষ্টি হচ্ছে তাই মেরী এই রশ্মির নাম দিলেন 'রেডিওঅ্যাক্টিভিটি'।

মেরী বহুরকম বস্তু খুঁজে অবশেষে বের করলেন যে পীচব্লেন্ডের ভেতর ইউরেনিয়ামের পরিমাণ বেকুয়েল ব্যবহৃত সল্টের ভেতরকার ইউরেনিয়ামের পরিমাণের চেয়ে অনেক বেশী, তখন তার মনে হল যে পীচব্লেন্ডে নিশ্চয় ইউরেনিয়াম ছাড়া অন্য কোন পদার্থ রয়েছে যা আরো তীব্র, শক্তিশালী রশ্মি বিচ্ছুরিত করে। মেরী তখন সেই অজানা বস্তুটি খোঁজার কাজে লেগে গেলেন। পীয়ার মেরীর কাজে সম্ভ্রষ্ট হয়ে দেখলেন যে পীচব্লেন্ড থেকে এইসব রেডিও অ্যাক্টিভ পদার্থ বের করা যেমন খুবই পরিশ্রমের এবং সময় সাপেক্ষ ব্যাপার। তাই পীয়ার নিজের ক্রীষ্টালের উপর গবেষণার কাজ ফেলে রেখে মেরীর সঙ্গে তার কাজে যোগ দিলেন। মেরী ও পীয়ার পুরানো ল্যাবে দিনরাত টেনের পর টন পীচব্লেন্ড বিশ্লেষণ করে প্রথম যে পদার্থ আবিষ্কার করেন মেরী সেই পদার্থটির নাম তার স্বদেশ পোল্যান্ডের নামে দেন 'পোলোনিয়াম'। এর কিছুদিন পর আরেকটি শক্তিশালী পদার্থের উপস্থিতি ঘোষণা করলেন পীচব্লেন্ড বার নাম দিলেন রেডিয়াম। পীচব্লেন্ড একটি অতি জটিল রাসায়নিক বস্তু এবং অনেকগুলো কেমিক্যাল কমপাউন্ডের সম্মিশ্রণ। এর ভেতর থেকে এককভাবে কোন কেমিক্যালকে বিছিন্ন করা বড় কঠিন কাজ। ১৯০২ সালে এক টন পীচব্লেন্ড ঘেঁটে এক গ্রামের দশ ভাগের এক ভাগ খাঁটি রেডিয়াম সল্ট তারা বের করে আনতে সমর্থ হন। অতঃপর ১৯০৩ সালে মেরী ও পীয়ার ক্যুরি রেডিও অ্যাক্টিভিটির উপর তাদের কাজের জন্য পদার্থবিদ্যার নোবেল পুরস্কার পান।

মেরীর বড় মেয়ে আইরিনের বয়স যখন সাত বৎসর, তখন তার ছোট মেয়ে ইভের জন্ম হয়। ইভের জন্মের ১৬ মাস পর আকস্মিক এক দুর্ঘটনায় পীয়ার ক্যুরি মারা যান। মেরী তার জীবনের সবচেয়ে কাছের মানুষ, বন্ধু, স্বামী, সহকর্মী সকলকে বেন একসাথে হারালেন। কিন্তু জীবিত অবস্থায় তাদের পরস্পরের কাছে দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী মেরী তার বিজ্ঞান সাধনা অব্যাহত রাখলেন। পীয়ারের মৃত্যুর পর সরবন কলেজে পীয়ারের প্রফেসরের পদটি এবং তার ল্যাবটির দায়িত্ব মেরী পেয়ে যান। এত বৎসর পর তার যোগ্যতা অনুযায়ী সরবনে একটি শিক্ষকতার আসন লাভ করেন। এবং সরবনে তিনিই প্রথম নারী প্রফেসর হিসেবে নিযুক্ত হন।

১৯১১ সালে বিভিন্ন মর্মান্তিক ঘটনায় মেরী যখন বিপর্যস্ত তখন তার কাছে একটি সুখবর আসে যে দ্বিতীয়বার তিনি এককভাবে সম্পূর্ণ অন্য একটি বিষয়ে অর্থাৎ রসায়নে নোবেল পুরস্কার পেয়েছেন তা রেডিয়াম ও পোলোনিয়ামের আবিষ্কারের জন্য। মেরী ছিলেন অত্যন্ত সমাজ সচেতন ও পরোপকারী। দ্বিতীয় নোবেল পুরস্কার পাওয়ার পর দ্বিতীয় মহাবুদ্ধ অবশ্যম্ভাবী হয়ে উঠলে মেরী কন্যা আইরিনকে লেখেন — "Things seem to be turning bad ... you and I, Irene, we must look for a way to make ourselves useful."

যুদ্ধের সময় তার আবিষ্কৃত রেডিও অ্যাক্টিভিটি যাতে সরাসরি প্রয়োগ করা যায় তার জন্য তিনি সচেষ্ট হন এবং প্রাথমিক পর্যায়ে এক ধরনের এক্সরে করার যন্ত্র বানানোর ব্যবস্থা করেন এবং যুদ্ধক্ষেত্রে ২০টি ভ্রাম্যমাণ এক্সরে কেন্দ্র নির্মাণ করেন। মূলত যুদ্ধে সৈন্যদের কোথায় গুলিবিদ্ধ হয়ে আছে বা শরীরের হাড়গুলো কেমন করে কোথায় ভাঙল তা জানা সম্ভব হলো এই এক্সরের মাধ্যমে। মেরী ১২ বৎসরের কন্যা আইরিনের সঙ্গে যুদ্ধে

সম্মুখ সমরে ঘুরে বেড়ানো ছাড়াও ডাক্তার ও নার্সদের সার্জারিতে সাহায্য করেন। উল্লেখনীয় যে যুদ্ধক্ষেত্রে এঞ্জরে মেশিন ক্রমাগত ব্যবহার করার ফলে মেরীর শরীর প্রচুর পরিমাণে রেডিও অ্যাক্টিভিটির সংস্পর্শে আসে। যার ফলস্বরূপ তিনি ক্যান্সার (নিউকোমিয়ার) আক্রান্ত হন এবং ১৯৩৪ সালের ৪ জুলাই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

এছাড়াও যুদ্ধের সময় বিভিন্ন মানবিক কাজের প্রয়োজনীয় অর্থ জোগাড়ের জন্য পীয়রের সোনার নোবেল পদকটি ও দান করে দেন। বিজ্ঞান ও মানসিকতার দিকপাল মেরী ক্যুরি অনেক সম্মান, স্বীকৃতি, বহু পুরস্কার, প্রশংসা পেয়েছেন তার মানবকল্যাণ মূলক কাজ ও অনন্য সব আবিষ্কারের জন্য। তাঁর জীবন নিয়ে যে ছায়া-ছবি তৈরি হয়েছে তা অস্কারের জন্য মনোনয়ন পেয়েছিল। তাঁর সম্মানে একাধিক ধাতব মুদ্রা, ব্যাঙ্ক নোট এবং স্টাম্প বেরিয়েছে। এছাড়া মেরী ও পীয়র ক্যুরির নামে পদার্থের পিরিওডিক টেবিলের ৯৬ নম্বর পদার্থটির নাম “Curium” রাখা হয়েছে।

সুতরাং, অতি বড়মাপের বিজ্ঞানী মেরী ক্যুরির জীবন পর্যালোচনা করলে জানা যায়, তাঁর সমস্ত জীবনই যেন একটি যুদ্ধক্ষেত্র। নারীবিজ্ঞানী মেরী ক্যুরি জীবদ্দশায় কত যে বৈষম্য, বাধা ও অবহেলার শিকার হয়েছিলেন তা অবিশ্বাস্য। তিনি সবসময় একটা কথা বলতেন, “কখনো আশা ছেড়ে দিও না, কখনো নয়”। অতএব বলা যায়, মেরী ক্যুরির এই অদম্য মনোবল, অধ্যাবসায় ও আপোসহীন সংগ্রাম চালিয়ে যাওয়ার দৃড়তার জন্যই সমস্ত সমস্যা বা প্রতিকূলতা সত্ত্বেও অবশেষে তিনি জয়ী হতে পেরেছিলেন। মহাবিজ্ঞানী এলবার্ট আইনস্টাইন যথার্থই বলেছিলেন,

“She was probably the only person who was not corrupted by the fame that she had won”

উৎস : ‘কর্মে প্রেমে সংগ্রামে নোবেল বিজয়ী নারী’ — পূর্ববী বসু।

*“Life is not easy for any of us. But what of that ? We must have keep perseverance and above all confidence in ourselves. We must believe that we are gifted for something, and that this thing at whatever cost, must be attained.”*

*“I never see what has been done ; I only see what remains to be done”*

*“You cannot hope to build a better world without improving the individuals.”*

*‘Marie Curie’*

*A Group Photo of Final Semester Students  
2015-16*



*Students of the College are in the Teachers' Day  
Celebration*



**ISBN NO. 978-93-5196-685-2**

**Printed by : Gana Awaz Offset Printing Works  
Tarapur, Karimganj Road, Silchar-3**

# West Wind

Session  
2017-18



WSC  
ESTD. - 1985

Magazine of  
West Silchar College  
Barjatrapur, Cachar, Assam.

## হাজার বছরের বাংলা কবিতা : বিষয় ও শৈলীর বৈচিত্র্য অন্বেষণ

রিনি বেগম লস্কর  
সহকারী অধ্যাপিকা  
বাংলা বিভাগ

প্রত্যেক ভাষার সাহিত্যের ইতিহাসে বিভিন্ন শাখা রয়েছে, এরমধ্যে সবচেয়ে প্রাচীন শাখা হচ্ছে কবিতা। বাংলা সাহিত্যের ক্ষেত্রে ও একথা প্রযোজ্য। কবিতার ছন্দোবদ্ধ উচ্চারণ কেন সবচেয়ে আগে আবির্ভূত হল তা বলা মুসকিল বা কঠিন।

ছন্দোবদ্ধ পদকে কবিতা বলা হয় কিন্তু যা ছন্দোময় তা যথা সময়ই কবিতা হয় না। আদি পর্বের সব রচনাই ছন্দময় ছিল কিন্তু সব রচনাই কবিতা ছিল না। নিয়মিত ছন্দে বিন্যস্ত ছিল বলেই সেইসব রচনাকে পদ বলা যায় অবশ্য। পদ হওয়াটা রূপকল্পের ব্যাপার আর কবিতা হওয়া না হওয়া মূল্যবোধের ব্যাপার। এদিক থেকে কবিতার ইতিহাস হয়তো পদ থেকে কবিতার দিকে যাত্রার ইতিহাস।

হাজার বছরের বাংলা কবিতা চর্চাপদ থেকে শুরু করে অধুনিক বাংলা কবিতা যুগ পর্যন্ত সময়কাল জুড়ে বিস্তৃত। অনেক সৃষ্টিশীল কবির আগমন গঠেছে এই সময়ে। কবিতার বিষয় বৈচিত্র্যে, রচনা শৈলীর সৌন্দর্যে ও আঙ্গিকের নব নব ভাবনায় বাংলা কবিতার ইতিহাসে তাঁরা অতুলনীয় বৈভব দান করেছেন। 'হাজার বছরের বাংলা কবিতা' : বিষয় ও শৈলীর বৈচিত্র্য অন্বেষণ' নামক বিষয়ে আমি তিরিশের দশকের কয়েকজন বিশিষ্ট কবির কবিতার বিষয় ও শৈলীর বৈচিত্র্য নিয়ে সংক্ষিপ্ত আলোচনার প্রয়াস করছি।

রবীন্দ্র অনুসারী কবি সত্যেন্দ্রনাথ দত্ত তিরিশের কবি। তার সমকালীন রবীন্দ্র অনুসারী কবি হলেন - যতীন্দ্র মোহন বাগচী, করুণা নিধান বঙ্কোপাধ্যায়, কুমুদ রঞ্জন মল্লিক। এদের প্রত্যেকের কাব্যে গ্রাম ঝাংলা ছবি এবং সামন্ততান্ত্রিক যুগের চিত্র স্পষ্ট এবং পরিষ্কার। সত্যেন্দ্রনাথের কবিতায় বিদ্রোহ, বিপ্লব এসবের চেয়ে বড় হয়ে উঠেছে গ্রাম বাংলার কথা। সমাজ সচেতনতা সত্যেন্দ্রনাথের কবিতার অন্যতম চরিত্র লক্ষণ। প্রকৃতিকে বিভিন্ন রূপে নিজের মতো করে দেখেছিলেন সত্যেন্দ্রনাথ। 'রাত্রী বর্ণনা', 'বর্ষ বোধন' প্রভৃতি কবিতার মধ্যে সত্যেন্দ্রনাথের সেই প্রকৃতি লগ্নতার ছবি আছে।

'ডোরাই' কবিতার অনবদ্য একটি পংক্তি -

'আনকো আলোয় যায় দ্যাখা  
ওই পদ্মকলির হাইতোলা।'

সামাজিক ও রাষ্ট্রীয় নানা বিপর্যয় তার কবিতায় নাড়া দেওয়া বৈশিষ্ট্য নিয়ে উপস্থিত ছিল। ছন্দের জাদুকর তথা ছন্দের রাজা সত্যেন্দ্রনাথ সুতীক্ষ্ণ রসবোধ ও মাত্রাবৃত্ত ছন্দের দোলায় যা সৃষ্টি করেছিলেন তা সত্যিই তুলনা রহিত।

বাংলা সাহিত্যে দুঃখবাদী কবি হিসেবে খ্যাত যতীন্দ্রনাথ সেনগুপ্ত। ১৯২৩ সালে 'মরীচিকা' কাব্যের মাধ্যমে আত্মপ্রকাশ। প্রেম, প্রকৃতি, ইশ্বর, রোমান্টিকতা প্রভৃতি কৃত্রিম সংস্কারের আবেশ ভেঙে নির্ভেজাল বাস্তবের দৃষ্টি দিয়ে জগৎ ও জীবনকে চিনেছেন তিনি। প্রবল ভাবে রবীন্দ্র বিরোধী এই কবি আলো নয়, অন্ধকারের আবাহন মন্ত্র শোনান।

তাই কবি বলেন -

‘সভা মোর ঘোর অহংকার অঙ্ককার চির অঙ্ককার ।’

কবি পূর্ববর্তীদের থেকে স্বাতন্ত্র্য আনার জন্য ‘দুঃখবাদী’ কবিতায় লেখেন -

‘বল্ল লুকায় রাঙ্গা মেঘ হাসে পশ্চিমে আনমনা,  
রাঙ্গা সন্ধ্যার বারান্দা ধরে রঙ্গিণ বারান্দনা ।’

তিনি মনে করেন মিথ্যা প্রকৃতি, মিথ্যা আনন্দ, রঙ্গিণ সুখ, সত্য কেবল জীবের সহস্র গুণ দুঃখ । ‘মরুশিখা’ কাব্যে নঞর্থকতাই বহুভাবে বিশেষিত হয়েছে কবির চেতনা প্রবাহে ।

বহিরঙে রবীন্দ্র বিরোধী কবি হিসাবে খ্যাত হলেও অন্তরঙ্গে যতীন্দ্রনাথ ছিলেন রবীন্দ্রনুরাগী । রবীন্দ্র বিরোধিতা কেবল টিকে থাকবার কৌশলমাত্র । যে অভিধায় বাংলা সাহিত্যে যতীন্দ্রনাথ পরিচিত, সেই দুঃখবাদিতার বীজ কিছু রবীন্দ্র চেতনা থেকে প্রাপ্ত । রবীন্দ্র নাথের মৃত্যুর পর তিনি লিখেছিলেন -

‘হৃদয়বন্ধু শুন গো বন্ধু মোর  
আজি পিঞ্জর ভুলাবারে কিছু নাহিরে ।’

মোহিতলালের কবিতায় জীবনবাসনা তথা জীবনের ভোগারতির প্রকাশ লক্ষ্যনীয়রূপে উপস্থিত । রবীন্দ্র প্রভাব থেকে মুক্তির আশায় নতুন আদর্শে কাব্য সৃষ্টির বৌক এই পর্যায়ে দেখা যায় এবং আদিম আমিষ দেহে উষ্ণতম বিস্ফোরণ জেগে উঠেছে রবীন্দ্র বিরোধীতার পথ ধরে । ক্ষণিক জীবনের মধ্যে অদম্য আনন্দের স্বাদ গ্রহণে উনুখ হয়ে উঠলেন তিনি দেহেরই ইচ্ছায় । তিনি লিখলেন -

‘দেহভরি করপান করোক্ষ এ প্রাণের মদিরা’ ।

তার কাব্যে দুটি লক্ষণ প্রকাশিত - বৈরাগ্য বিমুখতা ও দেহের আধারে যাবতীয় ইহলৌকিক সৌন্দর্য আবাদন তৃষ্ণা । সুন্দরের আকৃতিতে শুধু তার বাহ্য ইন্দ্রিয়ই নয় অন্ত্য ইন্দ্রিয়যোগ দিয়েছিল । দেহবাদী কবি আখ্যায় ভূষিত কবি মোহিতলাল । তাঁর কাছে প্রেম শুধুই অবাস্তব কল্পনার ঝলক নয়, তা রক্তমাংসের দেহরূপে সজীব । যার প্রকাশ -

‘দেহে তোর প্রাণ আছে ? তবে কেন ওরে ভীক  
নিত্য-উপবাসী  
চির-মৃত্যু-শোক-অভিলাষী ?’

কল্যাণীরূপে সংসারে শ্রেমিকার অবস্থান, তার স্নেহ-স্পর্শে পাপ পঙ্গিলতার অবসানের স্বপ্ন দেখার পাশাপাশি সন্তান-পিপাসার কথাও বারে বারে ধ্বনিত হয়েছে তাঁর কাব্যে । নারীর সেই কল্যাণী রূপ কবির ধ্যান দৃষ্টিতে ধরা দিয়েছে এভাবে -

‘‘মুক্ত করি কেশপাশ, পাদপীঠ করে সে মার্জনা  
নিঙাড়িয়া মর্ম মধু ওঠে ধরে অতুল গৌরবে ।’’

দেহবাদ তাই তাঁর কাব্যে থাকলে ও তা কিছু বিবর্তিত হয়ে দেহের আরতিতে হয়েছে ।



তীব্র এক বিদ্রোহে প্রচলিত ধুমকেতুর মত সাম্প্রদায়িকতা বিরোধী নজরুল ইসলামের আবির্ভাব বাংলা সাহিত্যে আকাশে। সমাজ, রাজনীতি এবং সাম্যনীতির ত্রিবেণী সংগম ঘটিয়েছেন তার কাব্যে। সমাজ ব্যবস্থার প্রথর নগ্নরূপ নজরুলের কাব্যে প্রত্যক্ষ। সমাজ ব্যবস্থার পরিবর্তন সাধনে স্বপ্নময় মগ্নতা আছে 'সাম্যবাদী' ও 'দারিদ্র' কবিতায়। এক প্রবল রোমান্টিক প্রেম অভীপ্সা অঙ্গীকার করে আছে 'বাতায়ন পাশে গুবাক তরুর সারি' কবিতাটিতে। নারী আন্দোলনের স্পষ্টতম প্রকাশ ঘটেছে 'বারাঙ্গনা' কবিতায়। জনদরদী জীবন ভাবনার প্রকাশ আছে নজরুলের 'কুলিমজুর', 'মানুষ', 'পাপ', 'জীবনবন্দনা' এবং 'দারিদ্র' কবিতায়। নজরুল ইসলাম বহুতপস্কে আবেগী কবি। সেই আবেগ সমাজের প্রতি, জীবনের প্রতি এবং মানুষের প্রতি।

জীবনানন্দের 'বনলতা সেন' কাব্য গ্রন্থটি জীবনানন্দীয় প্রেম চেতনার অপূর্ব স্বাক্ষর ধারণ করে আছে। ব্যক্তিক প্রেমভিজ্ঞতা এই কবিতায় নৈব্যক্তিকতার স্তরে ব্যাপ্তি লাভ করেছে। কবির ঐতিহাসিক চেতনা নবরূপে রঞ্জিত হয়ে কাব্যের ছন্দে ছন্দে প্রকাশ পেয়েছে। কেবল এক জনের প্রেমভিজ্ঞতা নয়, প্রেমের জন্য পথিক কবি হাজার হাজার বছরের পথ পর্যটন করেন। তাকে তাই চিরপথিক বলে মনে হয়, পথ চলাতেই তার আনন্দ। সমস্ত বিশ্বের রূপ মাথুরীকে বিচিত্র প্রতীকের মারফতে উপলব্ধি করে, কখনও তিনি রূপ দক্ষ হয়েছেন, কখন ও বা গুনিব্যক্তনার মধ্য দিয়ে, রূপ লোকের আভাস ইঞ্জিতের সাহায্যে এমন এক অধরার সন্ধান পেয়েছেন যা বাক্য মনের অগোচর। 'ধূসর পাওলিপি', 'বনলতা সেন', 'মহাপৃথিবী', 'সাতটি তারার তিমির' 'রূপসী বাংলা' - কাব্যে তার মনের স্বরূপ ও বাক্য রীতির অভিনবত্ব কুটে উঠেছে। জীবনানন্দ উত্তর রবীন্দ্রনাথের ভাব ধারার সর্বশ্রেষ্ঠ প্রতীক।

দৈনিক গভীরে অভিজ্ঞ করে বিদেশের অনুভবনায় সমান সতেজ অমিয় চক্রবর্তীর কাব্য কবিতা। ভারতবর্ষকে এপার আর মার্কিন মুলুককে ওপার ধরে নিয়ে অজস্র কবিতা রচনা করেছেন অত্যন্ত স্বাক্ষরশৈলী। আন্তর্জাতিকতার স্পষ্ট প্রমাণ আছে তার কাব্যে -

“ অন্তর্জাতিক মন শিকড়ে মাটিকে আঁকড়ে থাকে যে মাটি এ বুক আজো বাংলা পার্শ্বি। ”

অথবা “বহুপথ এসেছি তো বস্টনে বাঙ্গালি দূরবাসী।

দ্বিতীয় মহাযুদ্ধ মানুষের জীবন ও জীবিকা, শরীর ও মন সর্বোপরি আত্মাকে করে দিয়েছিল বিধ্বস্ত। গ্রামের প্রতি একটা টান থাকে সত্ত্বেও শহরে থাকার দরুণ নাগরিক জীবনের কদর্য কাদাচার ৫ মনুষ্যের উপায়হীন অসহায়তা চোখ টেনেছিল কবি অমিয় চক্রবর্তীর। গ্রামীণ সুস্থতায় কবির ফিরে যাবার ইচ্ছে আছে কিন্তু নাগরিক জীবনের আনুপূর্ণ চিত্রণ আছে তাঁর কাব্যে। বহু কাব্যের বহু কবিতায় ছড়ানো তার চিত্র। যেমন-

'ধনিকের নখ করে এখানে ও প্রাণের মর্গে দাগা।'

কিংবা

'মধ্য মার্কিনে আছি মিসিসিপি পারে।'

এই একাকিত্বই চরম যন্ত্রণা। তাই গ্রাম নয় নগরের চিত্রায়ণ।

স্বপ্নবাদী কবি অভিধায় অভিহিত সুধীন্দ্রনাথ' দস্ত কিন্তু শেষ পর্যন্ত স্বপ্নস্থায়ী জীবন ও পৃথিবীর বাহিরে চিরন্তনত্বে বিশ্বাসী হয়ে উঠেছিলেন। 'শাশ্বতী' কবিতায় তাই কবির স্বীকারোক্তি-

'একটি কথার দ্বিধা ধরথরে চুড়ে ভর করেছিল - সাতটি আমরাবতী

একটি নিমেষ দাঁড়াল সরণ জুড়ে

খামিল কালের চিরচঞ্চল গতি।'

সুখীন্দ্রনাথ স্বীকার করেছিলেন অন্তত পক্ষে আমার লেখায় আধুনিক যুগের স্বাক্ষর সুস্পষ্ট। এক বহুযুগের পরিমণ্ডলে নিজেকে অবস্থিত করে কাব্য রচনায় ব্রতী হয়েছিলেন কবি। একদিকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়ংকর অবক্ষয়, অন্যদিকে হিরোসিমা নাগাসাকির পরমানু বিস্ফোরণ, ব্যাপক কালোবাজারি, মুদ্রাস্ফীতি, নারী নির্যাতন, মনুষ্যত্বের নিপীড়ন, সানফ্রান্সিসকোর সম্মেলন ও তৎপরবর্তী অবক্ষয়ী প্রভাব এসব কিছু মিলে মিশে এই যুগকে Wast Land এ পরিণত করেছিল। ঐ যুগযন্ত্রনা নিয়েই কাব্য রচনায় ব্রতী হন সুখীন্দ্রনাথ। বহু নাস্তি চেতনার মাঝে কাল চেতনাকে স্বীকার করেছেন কবি। তাঁর কাছে কাল হল রুঢ় বাস্তব। যার প্রভাব অস্বীকার করার ক্ষমতা মানুষের নাই। তবে তাঁর ভাবনায় কাল হল পরিবর্তনশীল - যার প্রভাবে ফুগবদল ঘটে, বদল ঘটে মানুষের মানসিকতার ও। কাল তাই কবির কাছে শত্রুরূপে প্রতিঘাত।

‘শত্রু নয় নিষ্ফলতা,  
শত্রু নয় আবশ্যিক ব্যাধা  
তুমু তুমু নিরপেক্ষ কাল  
মহাকাল।’

‘প্রথমা কাব্য গ্রন্থ দিয়ে শুরু করে ‘নতুন কবিতা’ কাব্যগ্রন্থে শেষ হয়েছে প্রেমেন্দ্র মিত্রের পথ চলা। চতুর্থ কাব্যগ্রন্থ ‘সাগর থেকে ফেরা’ কবির কবি স্বভাবের বাহক। একদিকে নগর জীবনের চিত্রায়ণ অন্যদিকে রোমাণ্টিকতা দুই প্রান্তে দুই বৈশিষ্ট্য এই কাব্যে এসে ধরা দিয়েছে।

বিশ্বযুদ্ধোত্তর আর্থ-সামাজিক ও রাজনৈতিক গুণ অংকন করেছেন কবি। পুরোনো বিশ্বাসবোধের অপমৃত্যু, সাজানো সংস্কারের কেবল করে পড়া, স্বপ্ন দেখা দিনগুলির জন্মলয় প্রাপ্তি প্রেমেন্দ্র মিত্রকে ব্যাধিত করে তুলেছিল। ভালো-মন্দে ঘটেছে মিশ্র সমবায়। কিছু মনে গৈথে থাকে গ্রামীণ সংস্কৃতি -

‘এই তো সেদিন, তব যেন অনেক অনেক দূর  
অনেক শিশির ঝরে গেছে  
তাড়িয়ে গেছে কত না রৌদ্রের।’  
কিন্তু চোখের সামনে স্পষ্ট  
‘রাঙা পেতে মেলেছে ঢের রং বেরং এক টাট।’

অর্থাৎ গ্রাম ও শহরের তুলনামূলকতা আছে। এবং শেষে কবির বিশিষ্ট অনুভূতি -

‘তবু যেন জংলা আদিমজলা  
জুড়ে আছে আজো সুকের তলা।’

তিরিশের অন্যান্য কবিদের কবি ভাবনা থেকে স্বতন্ত্র বুদ্ধদের বসু। আধুনিক নগরমনস্ত পুরুষের প্রেম বুদ্ধদেব বসুর কবিতার প্রধানতম বিশেষত্ব। ফ্রান্সের তন্ত্র ও আধুনিক জীবন সংগ্রাম - এই দুয়ে মিলে বুদ্ধদেব বসুর প্রেম কবিতার অঙ্গ সঞ্জ্ঞা। বুদ্ধদেব বসু মানে শরীর, যে শরীর নগ্ন নারীত্বের, যে শরীর পুরুষের কামনা উদ্দেশ্যের, যে শরীর রক্ত মাংসের এবং প্রেমের আরোক্তিম উদ্বোধনে। কহাবর্তী বুদ্ধদেবের স্বপ্নের তিলোত্তমা যার শরীর তৈরী করেন স্বপ্নের রূপ নির্মাণে। শরীর ও মনের দ্বন্দ্ব তাই তাঁর কাব্যের প্রতিটি ছন্দে। ব্যক্তি স্বাতন্ত্র্যবাদী উচ্চারণে দৃঢ় প্রত্যায়ী কবি বুদ্ধদেব। জগতের ও জীবনের সৌন্দর্যের প্রতি ধ্যান গম্ভীর দৃষ্টিপাত ঘটিয়ে কাব্যে তার রূপ ফোটানো ছিল বুদ্ধদেব বসুর বিশিষ্ট কারুকৃতি। শৈলীর ক্ষেত্রে তৎসম শব্দকে উপেক্ষা করে কবি লোকজ উৎস থেকে শব্দ চয়ন করেছেন। কথ্য বাক্যরীতির চলিত ভাষা ও শব্দকে অধিক গুরুত্ব দিয়েছেন। কাব্যে বেছে নিয়েছেন মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্তের জটিল ছন্দ জাদু। প্রচলিত শব্দ ব্যবহারে প্রেমের সাধারণ তথা ইন্দ্রিয় ঘন রূপ ফুটিয়ে তোলেন বুদ্ধদেব -

‘তোমার গলার স্বর, ছেঁড়া ছাড়া কথার টুকরো  
তোমার চুখের আলো, গোল করে তোলা ঠোঁট দুটি।’

পাশ্চাত্য কবি এলিয়টের প্রভাবে প্রভাবিত ছিলেন বিষ্ণু দে । ভারতবর্ষে তৎকালীন রাজনৈতিক, অর্থনৈতিক পটভূমির বিশ্লেষণ করার পাশাপাশি কবি অতীত পৃথিবীর দিকে যেমন দৃষ্টি দিয়েছেন তেমনই ভবিষ্যৎ সম্পর্কে ও হয়েছেন চিন্তিত । আধুনিক জীবনযাপন ও গ্রানিময় অভিবাসনা কবিকে বহুনিষ্ট পৃথিবীর ক্রেসকুটিল জীবনের পাশে দাঁড় করিয়ে দিয়েছিল । তাই বিষ্ণুদের কাব্যে রোমান্টিক আবহ নেই । আছে কেবল বিশৃঙ্খলিত পৃথিবীর যথাযথ রূপ নির্মাণ । সমাজ চৈতন্যের কবি অজয় গানি এবং সীমাবদ্ধতার মাঝেও হারিয়ে ফেলেননি জীবনের যথাযথ মূল সন্ধানটিকে ।

অতএব, উপসংহারে বলা যায় চর্যাপদ থেকে আমাদের কাব্যসাহিত্যের যাত্রা শুরু হয়েছে । এই প্রেক্ষাপটে ১০০০ খ্রিষ্টাব্দ থেকে ২০০০ হাজার খ্রিষ্টাব্দ পর্যন্ত সময়কে বিবেচনা করলে বাংলা কবিতা এক বছরের অভিজ্ঞতায় হ্রস্ব হয়ে উঠেছে । এই এক হাজার বছর ধরে বহু সৃষ্টিশীল কবির কবিতা দিয়ে বাংলা কবিতার ইতিহাস পরিপূর্ণ হয়ে উঠেছে এবং বাংলা কবিতা বহু অভিজ্ঞতা, বিবর্তন ও উল্লেখযোগ্য ঝাঁকের মধ্য দিয়ে একবিংশ শতাব্দীতে এসে দাঁড়িয়েছে । এই হাজার বছরের বাংলা কবিতাগুলি বাংলা সাহিত্যের ইতিহাসকে যেমন সমৃদ্ধতর ও সুসমামতিত করেছে তেমনই এই কবিতাগুলি বাংলা সাহিত্যের অমূল্য সম্পদরূপে আজও পরিগণিত হচ্ছে এবং আগামীতে ও হবে ।

উৎস :-

- ১) নেট ও স্টেট (Success Key) : - মিশ্র-মিশ্র ।
- ২) 'হাজার বছরের বাংলা কবিতা' - অক্ষয়কুমার শিকদার ।
- ৩) 'বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত' - ডঃ অসিত কুমার বন্দোপাধ্যায় ।

\*\*\*

## শিক্ষামূলক ভ্রমণে 'ডাউকী'

ডঃ রুশা পাল  
সহকারী অধ্যাপিকা  
বাংলা বিভাগ

'Travelling is a part of Education'- ভ্রমণ শিক্ষার এক অঙ্গ । তাই সরকার ভ্রমণের খাতে সরকারি কলেজগুলোতে অর্থ প্রদান করে থাকে । সরকারি নির্দেশ ও অর্থানুকূলে এবং WEST Silchar College কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে শিক্ষামূলক ভ্রমণে যাওয়া হয়েছিল ছাত্রছাত্রীদেরকে নিয়ে । ১০ মার্চ ২০১৮ ইং, সকাল ১০টা বেজে ৫০ মিনিট । কলেজ প্রাঙ্গন থেকে ৩১ জন ছাত্রছাত্রী নিয়ে আমরা তিনজন শিক্ষক-শিক্ষিকা ও একজন অফিস কর্মী যাত্রা করলাম পার্শ্ববর্তী মেঘালয় রাজ্যের শৈল শহর শিলং এর উদ্দেশ্যে । প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর অতুলনীয় এই শহরে যতবার যাওয়া যায় ততবারই নতুন মনে হয় । প্রকৃতির মনমোহিনী আকর্ষণে নিজেদের নতুন করে খোঁজে পাওয়ার অবকাশ মেলে । তাইতো ইউরোপীয়ান ঔপনিবেশিকগণ এর নামকরণ করেন 'Scotland of the East'.

শিলং । মেঘালয়ের রাজধানী । মেঘালয়=মেঘ+আলয় । মেঘের আলয় অর্থাৎ বাসস্থান নামটি মনে করলেই চোখের সামনে ভেসে ওঠে সাদা-কালো মেঘের আসা যাওয়া পথ চলতে চলতে হঠাৎ ঝকঝকে রোদের মাঝখানে

Printed by



**Pappu Offset & Computers**

P.O. Barjatrapur, Dist. - Cachar, Assam, 788110

+91 96135 41556 / +91 86383 07855

pappulaskar622@gmail.com

ISBN NO : 978-93-5196-685-2




978-93-5196-685-2

# West Wind

Session  
2017-18



Magazine of  
West Silchar College  
Barjatrapur, Cachar, Assam.





Printed by,



**Pappu Offset & Computers**

P.O Barjatrapur, Dist Cachar, assam, 788110

+91 98135 41556 / +91 86383 07855

pappulaskar822@gmail.com

ISBN NO : 978-93-5196-685-2



978-93-5196-685-2

## শিক্ষামূলক ভ্রমণে 'ডাউকী'

ডঃ রুশা পালে  
সহকারী অধ্যাপিকা  
ব'লো বিভাগ

'Travelling is a part of Education'- ভ্রমণ শিক্ষার এক অঙ্গ। তাই সরকার ভ্রমণের খাতে সরকারি কলেজগুলোতে অর্থ প্রদান করে থাকে। সরকারি নির্দেশ ও অর্থানুকূলে এবং WEST Silchar College কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে শিক্ষামূলক ভ্রমণে যাওয়া হয়েছিল ছাত্রছাত্রীদেরকে নিয়ে। ১০ মার্চ ২০১৮ ইং, সকাল ১০টা বেজে ৫০ মিনিট। কলেজ প্রাঙ্গন থেকে ৩১ জন ছাত্রছাত্রী নিয়ে আমরা তিনজন শিক্ষক-শিক্ষিকা ও একজন অফিস কর্মী যাত্রা করলাম পার্শ্ববর্তী মেঘালয় রাজ্যের শৈল শহর শিলং এর উদ্দেশ্যে। প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর অতুলনীয় এই শহরে যতবার যাওয়া যায় ততবারই নতুন মনে হয়। প্রকৃতির মনমোহিনী আকর্ষণে নিজেেকে নতুন করে খোঁজে পাওয়ার অবকাশ মেলে। তাইতো ইউরোপীয়ান ঔপনিবেশিকগণ এর নামকরণ করেন 'Scotland of the East'.

শিলং। মেঘালয়ের রাজধানী। মেঘালয়=মেঘ+আলয়। মেঘের আলয় অর্থাৎ বাসস্থান নামটি মনে করতেই চোখের সামনে ভেসে ওঠে সাদা-কালো মেঘের আসা যাওয়া। পথ চলতে চলতে হঠাৎ ঝকঝকে রোদের মাঝখানে

মেঘদূতের অপারলীলা। চমকে উঠি যখন দেখি চোখের সামানটা ঝাপসা হয়ে গেছে মুহূর্তে সাদা ধোঁয়ার মতো কুয়াশায়। সত্যিই এক অপূর্ব অনুভূতি! প্রকৃতির লীলা নিকেতন এই মেঘালয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তথা ভাষাচার্য, শিক্ষাবিদ এবং বিশিষ্ট সাহিত্যিক ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় এখানে এসে মেঘালয়ে বিচিত্র লীলা দর্শন, স্পর্শন করে মুগ্ধ হয়েছিলেন, তাঁর অনুভূতি প্রবণ মনের সৌন্দর্য এবং গভীরতার সঙ্গে ভারতীয় স্বাধীনতা ঘটিয়ে রাজ্যের নামকরণ করেন মেঘালয়। সার্থকনামা এই রাজ্য মেঘালয়। এখানে মেঘ আপন মনে আপন তানে, আপন ছন্দে বিরাজ করে। আপন আলয়ে স্বচ্ছন্দ বিহারের অপরূপ প্রাকৃতিক শোভা ও লীলা দু'দৃষ্টের মানুষকে আকর্ষণ করে। মানুষ ছুটে আসে মেঘালয়ে, ছুটে আসে পাহাড়ী প্রকৃতির কোলে।

আমরাও সৌন্দর্য পিয়াসী মন নিয়ে মেঘালয়ে ছুটে এলাম। শিক্ষামূলক ভ্রমণের উপযুক্ত স্থান হিসেবে বেছে নিলাম 'শিলং' এবং 'ডাউকী' দুটো স্থানকে। ঐদিন রাত ১০টা নাগদ ছাত্র-ছাত্রীদের নিয়ে আমরা পৌঁছে গেলাম শিলং এর Lachumiere এ স্থিত 'Youth Hostel' এ, যাতে আগে থেকেই সকল বন্দোবস্ত করা ছিল। হাত পা ধুয়ে কাপড় বদল করে পথের ক্লান্তি দূর করার জন্য বিছনায় এলিয়ে পড়লাম। মিঠে মিঠে শীতের রাতে বিছনায় ঘুমে চোখ জড়িয়ে আসলেও ক্ষুধা নিবারনার্থে সবাইকেই আবার উঠে ডাইনিং হলে যেতে হলো। খাওয়া-দাওয়া সেরে ঘুমিয়ে পড়তে হলো তাড়াতাড়ি। পরদিন সকাল সাড়ে সাতটায় সকলকে তৈরি থাকতে বলা হল ভারত-বাংলাদেশ সীমান্ত আঞ্চল 'ডাউকী' দর্শনে যাওয়ার জন্য।

ডাউকী জায়গাটিকে বেছে নেওয়ার তিনটি কারণ রয়েছে- (১) ভারত-বাংলাদেশ মৈত্রী সীমান্তে 'ডাউকী তামাবিল' (২) 'বরহিল' নামক বিখ্যাত জলপ্রপাত এবং (৩) এশিয়ার পরিষ্কারতম গ্রাম 'মাউলিননং' (Mawliynnong)।

মেঘালয়ের ওয়েস্ট জয়ন্তীয়া হিলস জেলার একটা ছোট সীমান্ত শহর এই ডাউকী। এর নিকটতম শহর হলো ভারতবর্ষের শিলং এবং বাংলাদেশের সিলেট। ডাউকী থেকে সিলেটের দূরত্ব মাত্র ৫৫ কিঃমিঃ আর শিলং-এর দূরত্ব ৭০ কিঃমিঃ। ছোটগাড়ীতে প্রায় ২<sup>১</sup>/<sub>২</sub> ঘন্টা সময় লেগেছে ডাউকী পৌঁছতে। এই আড়াই ঘন্টার পথ চলাতে প্রকৃতির নানা দৃশ্য চোখে পড়েছে। ছাত্র-ছাত্রীদের অনেক প্রশ্নের উত্তর দিতে দিতে এবং তাদের আন্দোলজ্বল মুখের নানান কিচির-মিচির শুনতে শুনতে একসময়ে গাড়ী একটা জায়গায় ছোট একটি দোকানের সামনে থামল। সবাই মিলে চানাচুর, চিপস, ইত্যাদি কিনে খাওয়ার পর আবার গাড়ীতে উঠে চলা শুরু হলো। গাড়ী চড়তে চড়তে দু'একজনের অসহ্য ও বোধ হতে লাগল, কেউ আবার আরো জোর গতিতে গাড়ী চালানোর জন্য বলতে লাগল। আমার আবার 'এই পথ চলাতেই আনন্দ'। গন্তব্যে পৌঁছার অপেক্ষা সকলেই করছিল। দ্বিতীয়বার গাড়ী থামল। না, এবার আর অন্য কোথাও নয়, একেবারে সীমান্ত গেটের সামনে। ডাউকী তামাবিল ভারত-বাংলাদেশ সীমান্ত গেট।

গাড়ী থেকে একে একে সবাই নেমে এল। ক্লান্তি ও শান্তির চিহ্নমাত্র নেই কারোর চোখে মুখে। সবাই বিশ্বাস্যে তাকিয়ে আছে। এই ভারত, এই বাংলাদেশে কোনো কাঁটাতারের বেড়া নেই, কোনো নদী নেই, কোনো পাহাড় নেই- কেবল চক্রে দাগানো লাইন। এপারে ভারত ওপারে বাংলাদেশ। এপারে ভারত বাদীতে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে ভারতের জাতীয় পতাকা আর ওপারে বাংলার পতাকা। নরেন্দ্র মোদি আর শেখ হাছিনার মৈত্রী সম্পর্কের চিহ্নায়ক বড়ো পোস্টার। পায়ে পায়ে এগোতে এগোতে একসময়ে বাধাপ্রাপ্ত হলাম সীমান্ত পুলিশের দ্বারা, আর এগুনো যাবে না, ওদিকটা বাংলাদেশ! কেমন যেন লাগল-ওমা সে কী! যেতে পারব না ওদিক টায়।



শেষে বলে কয়ে ভদিককার মাটিতে পা দিলাম এবং মাটিতে <sup>২১</sup>ঠিকিয়ে মাথার জেয়ালাম, সবাই মিলে আরো ঝানিকখন গুথানে কাটিয়ে আমরা ডাউকীর নদীর পানে রওরানা হলাম।

নদীটি খুবই আকর্ষণীয়। এর নাম 'Wah Umngot' এতে রয়েছে 'ফটিকের ন্যায় যচ্ছ জল'। দেখতেই গ্রানটা জুড়িয়ে যায়। পাহাড়ী নদী <sup>২২</sup>শালীন উচ্চতাপতা নেই, সে শান্ত-ধীর-স্থির। পাহাড়ের পাদদেশে নদীর সৌন্দর্য আরো গভীরতা নিয়ে মনে ধরা দেয় যখন এর উপর নৌকা বিহার করা হয়। উপরন্তু বিকেলের সূর্যজের দৃশ্যটিও অপরূপ। অন্তর্গামী সূর্যের সোনালী আভার বিদ্যাপী পরশ সকলকেই মাত করে কোনো কার্পণ না রেখে। নদীতে স্রোত না থাকায় দর্শনার্থীদের জয়ের কারণ নেই জেমন। প্রত্যেকেই নদীতে সেনে পাথরে পাথরে পায়ে পায়ে চলার সুযোগটি <sup>২৩</sup>কুণ্ড ছাড়তে চায় না। জলু সাবধানতা অবলম্বন করতেই হয় কারণ পাথর পুই পিঞ্জিল, তাই পড়ে যাওয়ার ভয় অবশ্যই রয়েছে। এরই মধ্যে এমন সুন্দর মুহূর্তগুলিকে ক্যামেরায় বন্দী করতে ব্যস্ত হয়ে ওঠেই সবাই, ভাছাড়া বাংলাদেশের বিদ্রোক্তাদের কাছ থেকে আচার-পাণ্ড খাওয়া ও চলছে সমানভাবে। গ্রুপ গ্রুপ করে ছাত্র-ছাত্রীরা উপভোগ করছে প্রকৃতিকে। কাঁকে কাঁকে জানবার আগ্রহে নানা প্রশ্ন ও কুণ্ডে ধরছে। নদীতে চলার সময় মাঝে মাঝে ছোট ছোট মাছ পায়ের কাছে এসে আবার ভয়ে ছুট লাগাচ্ছে। এমন মনোময় পরিবেশে প্রকৃতি ও মানুষের অচ্ছেদ্য অদৃশ্য সম্পর্কে মনের সকল দৈন্য ধুয়ে মুছে পরিষ্কার ও নির্মল হয়ে গেছে। 'Wah Umngot'- এর উপরে তৈরি সেতুটির মাহাত্ম্য অনেক, এটিকে ভালোভাবে দেখার জন্য আসার সময় সেতু সহ বেশ কিছুটা পথ আমরা পায়ে হেঁটে এসেছিলাম। সেতুটি ১৯৩২ সালে ব্রিটিশ রাজশক্তির তৈরী বলে জানা যায়। কিন্তু সেতুর গায়ে দেখতে পেলাম লেখা রয়েছে ১৯৩১ সাল। সম্ভবত এটাই সঠিক বচনা কাল, এর বিশেষত্ব— এতে কোনো পিলার বা খুঁটি নেই। ঝুলন্ত অবস্থায় রয়েছে এটি। পাহাড়ের পা কেটে ভেতরে সুড়ঙ্গ মতো করে বিরাট শিকল দিয়ে টানা দিয়ে সেতুটি তৈরি হয়েছে। সেতুর পাশের রাস্তায় বড় বড় পাথরের পায়ে রয়েছে বোদাই করা পুরানো চিত্র, যা প্রাচীন কালের সাক্ষ্য বহন করে দণ্ডায়মান আজও।

সীমান্ত দর্শনে যাওয়ার পথে 'Riwai' গ্রামে রয়েছে 'Living Root Bridge' এটি দেখার সৌভাগ্য হয়েছিল আমাদের। পাহাড় কেটে কেটে সিঁড়ি। সিঁড়ি দিয়ে নামতে নামতে যখন ব্রিজের অদূরে পৌছলাম তখন বেন প্রকৃতির এই লীলা নিকেতনে হারিয়ে গেলাম আমরা। স্পর্শ করতে চাইলাম এর অন্তরের স্পন্দনকে। কেমন একে অপরের হাত ধরে দৃঢ় সেতু বন্দন করেছে! আহা! চোখ ফেরানো যায় না, 'ব্রিজে দাঁড়াবেন না', '-পাছে হাত দেবেননা', 'পাথরে বসবেন না',- বারবার সাবধান করে দিচ্ছেন কর্তৃপক্ষ। কিন্তু তাতে তো আর প্রকৃতি উপভোগে ভীটা পড়তে পারে না। এদিকে- ওদিকে, উপরে নীচে, সিঁড়িতে-বড়ো পাথরে জলের ধারে সর্বএই বিচরণ করেছি প্রকৃতি-কন্যার মতো প্রায় কুড়ি মিনিট ধরে। কারোর যেন পথ ভুল না হয়, কেউ বেন ছুটে না যার সেদিকেও সতর্ক দৃষ্টি রাখতে হয়েছে। পূর্ব নির্দেশ মতো বাঁশি বাজিয়ে সবাইকে জড়ো করে 'Living Root Bridge' বা জীবন্ত মূলের সেতুকে বিদায় জানিয়ে সেখান থেকে ফিরে এলাম।

নভেম্বর থেকে মার্চ-এপ্রিল মাসই ডাউকী বেড়ানোর উপযুক্ত সময়। কেননা তখন বৃষ্টির প্রকোপ কম থাকে। নদীতে হটাচলা বা নৌকাবিহার, বড় বড় পাথরে সঞ্চরনের সুযোগ থাকে বেশি। বর্ষাতে নৌকাবিহার হয়ে ওঠে না। পাহাড়ী নদীর মেজাজের ও কোন ঠিক থাকে না সে সময়। তাই সেদিক দিয়ে আমাদের ভ্রমণ কালটা উপযুক্তই ছিল। কেবল Borhill Falls এর শোভা দর্শন থেকে বঞ্চিত রইলাম। তবু কোনো আপশোস না রেখেই বলতে পারি 'Umngot' নদীর মুক্তার ন্যায় জলের শোভা, বাংলাদেশ-ভারতবর্ষ মৈত্রী সম্পর্কের চিহ্নায়ক সীমান্ত

অঞ্চল দর্শনের সহজ-সরল অফুরন্ত আনন্দ, অনাবিল সৌন্দর্য মণ্ডিত Living Root Bridge এবং সর্বোপরি এশিয়ার পরিচ্ছন্নতম বিখ্যাত গ্রাম 'Mawlynnong' এর স্বচ্ছতা ও অমলিনতা দর্শন করে ফিরে আসার সময় কেবলই মনে হয়েছে ধন্য আমি, ধন্য এই প্রকৃতি। সকলে যুগ্মপানে তাকিয়ে দেখতে পেলাম শ্রষ্টার আশীষে সকলের দেহ-মনে এক পরিভূক্তির স্বাদ, আনন্দের স্কুরন আর অভিজুত আমি প্রায় বাকহারা।

\*\*\*\*\*

## সময়ের ঘূর্ণাবর্তে

ডঃ মনোতোষ দাস  
সহকারী অধ্যাপক  
বাংলা বিভাগ

বড়ো এক অস্থির সময়ের স্রোতে ধাবমান  
চল্লিশ লাখ মানুষের হতাশা ক্রিষ্টে প্রাণ ;  
সংকটের ঘেরাটোপে বাঙালির আত্মপরিচয় আজ বিলীয়মান।  
প্রতিনিয়ুতি আর প্রত্যাঘাতের নির্মম বেলায়  
আত্মঘাতী শত অর্জুনের পরিবার।  
সময়টা বড়ো দুঃসময় ;  
নীরব দর্শকের ভূমিকায়।  
অথচ বারংবার -  
জাতীয় মেরু-করণে বিভাজিত হিন্দু-মুসলমান ;  
আত্মকেন্দ্রিকতার মোহজালে নিস্তব্ধ বর্তমান।  
ক্ষমতার অন্তবিহীন যীতাকলে তাই -  
পিষ্ট সাধারণ জনজীবন।  
বাঙালীর সত্ত্বা আজও শূন্য ভাসমান-  
প্রশ্ন আমার  
হে দুর্বার  
কলঙ্কিত নয় কি শ্রষ্টার সর্ববৃহৎ সংবিধান ?

২০১৮ সাল

\*\*\*\*\*



# WEST WIND



Session  
2019-20 & 2020-21

A Magazine of  
**West Silchar College**  
P.O. Barjatrapur, Cachar, Assam.

## প্রেমেন্দ্র মিত্র : পিসিমা সিরিজের গল্প

ড. রুণা পাল  
সহকারী অধ্যাপিকা  
বাংলা বিভাগ

পারিবারিক-সামাজিক পরিসরে মানুষ বিবিধ সম্পর্কে পরস্পরের সাথে সম্পর্কিত হয়। আর সেই সম্পর্কের সূত্র ধরেই নির্বীত হয়ে যায় স্নেহ-ভালোবাসা-প্রীতি এবং কিছু কর্তব্যবোধ, কিংবা ঈর্ষা-নিন্দা-সমালোচনা এবং শত্রুতার সম্পর্কও। এক বিশেষ সম্পর্কসূত্র ধরেই আমরা আমাদের বর্তমান আলোচনাটিকে এগিয়ে নিয়ে যেতে চাই। পারিবারিক পরিসরে মাতৃস্থানীয়া সম্পর্কে মায়ের পরেই মাসীমা কিংবা পিসিমার স্থান। মুষ্টিমেয় কিছু মানুষকে বাদ দিলে প্রত্যেক মানুষের জীবনেই কম-বেশী মাসীমা-পিসিমার স্নেহ-ভালোবাসা-কর্তব্যের ছোঁয়া পাওয়া যায়। আর এর ছায়াপাত ঘটে আমাদের কথাসাহিত্যেও।

কথাসাহিত্যের অন্যতম জনপ্রিয় প্রকাশ ছোটগল্পে। সহজ-সরল জীবনযাত্রার ক্ষণিক উদ্ভাসে ছোটগল্প হয়ে ওঠে জীবনের সবচেয়ে কাছের শিল্প। এতে আড়ম্বর বা ঘনঘটা না থাকায় চরিত্ররা হয়ে যায় একান্তই ঘরোয়া। চরিত্রের ছোট ছোট সুখ-দুঃখ, আনন্দ অনুভূতি তাই মিলেমিশে একাকার হয়ে যায় পাঠকের সঙ্গে। ফলে এর অপ্রধান চরিত্রগুলোও অনেক সময় দাগ কাটে মনে। এমনি কিছু চরিত্র প্রেমেন্দ্র মিত্রের গল্পের পিসিমারা। তাঁর বেশ কয়েকটি গল্পে এই পিসিমাদের সাক্ষাৎ পাওয়া যায়। 'শবযাত্রা', 'পাশাপাশি', 'হয়তো', 'কুয়াশায়', 'পরভব', 'লাল তারিফ', 'দিবাস্বপ্ন', 'জনৈক কাপুরণ্ণের কাহিনী', 'নতুন বাসা' প্রভৃতি গল্পগুলোকে এ প্রসঙ্গে চিহ্নিত করা যায়। এই গল্পগুলিকে পিসিমা সিরিজের গল্প বলে আখ্যায়িত করা হয়েছে।

চরিত্র নির্মাণ দক্ষতায় কথাশিল্পীর বিশিষ্টতা সূচিত হয়। সেদিক থেকে দেখতে গেলে প্রেমেন্দ্র মিত্রের চরিত্র নির্মাণ ক্ষমতা অপারিসীম। বাইরে-ভিতরে মিলিয়ে তিনি চরিত্রকে ফুটিয়ে তোলেন সাধারণ-স্বাভাবিক অথচ গভীরভাবে। প্রধান চরিত্র তো বটেই, অপ্রধান চরিত্রগুলিও তাঁর হাতে নবতর ব্যঞ্জনা ফুটে ওঠে। পিসিমা চরিত্রগুলোকে সেই পর্যায়েই বলা যেতে পারে। এদের গুরুত্ব যথেষ্টই রয়েছে গল্পে। প্রধান চরিত্র, পারিপার্শ্বিক কাহিনি, ব্যঞ্জনা সৃষ্টিতে চরিত্রগুলোর মূল্য ধরা পড়ে নানাভাবে।

রবীন্দ্র পরবর্তী ছোটগল্পকারদের মধ্যে সর্বতোভাবেই অনন্য প্রেমেন্দ্র মিত্র। তাঁর ছোটগল্প রচনা কল্লোলীয়া যুগে শুরু হয়ে চলেছিল দীর্ঘকালব্যাপী। যুগপ্রেক্ষাপট, যুগমানসিকতাকে সঙ্গে নিয়েও তাঁর গল্প হতে পেরেছে নবতর স্বাদে-রূপে-গন্ধে রসে শিল্পিত। সমকালীন গল্পকারদের তুলনায় তিনি উজ্জ্বল এবং স্বতন্ত্রতার অধিকারী হতে পেরেছেন আপন অভিজ্ঞতা, ব্যক্তিত্ব, রসবোধ এবং শিল্পীসুলভ অনুভূতির সহযোগে। তাঁর ছোটগল্পের জনপ্রিয়তা এবং শৈল্পিক

অভিনবতার এক বিশেষ দিক- চরিত্র চিত্রণ। পিসিমা সিরিজের গল্পগুলিতে বিদ্যুত পিসিমাদের বৈচিত্র্যতাকেই আলোচ্য প্রবন্ধে তুলে ধরার প্রয়াস নিয়েছি। প্রথমেই আলোচনায় নিয়ে আসছি 'হয়তো' গল্পটিকে। গল্পটি 'পুকুল ও প্রতিমা' গ্রন্থে প্রকাশিত হয়েছিল ১৯৩২ খ্রিস্টাব্দে। গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কয়েকটি বিশেষ গল্পের মধ্যে একটি। এতে দুটো স্তর রয়েছে - প্রথম স্তর, এক গভীর দুর্যোগের রাতে একটি অসমান্ত পুল থেকে একটি মেয়ের পড়ে যাওয়া, পরে কথক ও তার স্বামীকর্তৃক উদ্ধার। দ্বিতীয় স্তরটি - নর নারী দুটির চলে যাওয়ার সময়ের কথোপকথনের জের ধরে কথকের মনে আত্মনা থেকে গড়ে ওঠা কাহিনি; যেখানে আমাদের অদেখিত চরিত্র পিসিমা আছেন।

এই পিসিমা চরিত্রটি অদ্ভুত। বিয়ের পর লাভণ্য যখন প্রথম মহিমের বাড়ি আসে তখন পিসিমাকে প্রণাম করার কথা বলে মাধুরী, লাভণ্য পিসিমাকে দেখে শিউরে ওঠে। লেখক বলেছেন -

"লাভণ্য দেখিল। দেখিয়া বুঝি অজ্ঞাতে একটু শিহরিয়া উঠিল।

শকুনির মতো শীর্ণ বীভৎস মুখের কানা একটি চোখের ভয়ংকর দৃষ্টি দিয়া মূর্তিমতী জরা যেন তাহাকে বিদ্ধ করিতেছে।" (১)

সেদিনের কথা বাদ দিলেও পরেও দৈবাৎ পিসিমার সামনে পড়লে কিংবা চোখাচোখি হলে লাভণ্যের বুকের ভিতরটা হিম হয়ে যেত।

একদিনে লাভণ্য তার শ্বশুর বাড়ি অর্থাৎ নিয়োগীদের সাতমহলা দালান বাড়ির সম্পর্কে অনেক কিছুই জেনে গেছে। এই পোড়োবাড়ির অধিকাংশ ঘরগুলোই অব্যবহার্য পরিত্যক্ত, চারধারে আগাছার জঙ্গলে ঘেরা, মানুষের পরিবর্তে চামচিকার রাজত্ব। চারজন লোক অপেক্ষাকৃত ভালো তিনটি ঘরে বাস করে। বিকট দর্শন পিসিমার চরিত্র অদ্ভুত এই ভুতুড়ে পোড়োবাড়ির পরিবেশের মতোই। একই সঙ্গে পোড়োবাড়ির মত রহস্যময়ীও। সমস্ত গল্পে তিনি একটি কথাও বলেননি। অস্বাভাবিক জীবন যাপনে অভ্যস্ত পিসিমা যে ঘরে থাকেন সেই ঘরে কারোর প্রবেশাধিকার নেই, অন্ধকার কোণের ঐ ঘরটিতে সারাদিন তিনি একা একা কী যে খুটখাট করেন তা জানার কোনও উপায় নেই। একদিন রহস্যময়ী মাধুরী জোর করে লাভণ্যকে নিয়ে পিসিমার বন্ধ ঘরে প্রবেশ করে।

ঘরটি অন্ধকার। আর পিসিমা এতে ছোট বড় বাক্স, পেঁটরা, সিন্দুক, বাসন-কোসন, কাপড়-চোপড় ইত্যাদিতে ছাদ পর্যন্ত বোঝাই করে রেখেছেন। আর শুধু তাই নয়, সেকালের অনেক দামী দামী গয়না ইত্যাদিও জমা করে রেখেছেন তিনি। মাধুরী একের পর এক বাক্স, পাত্রের পর পাত্র মেঝেতে উপুড় করে ফেলছিল আর লাভণ্য ভয়ে সেখান থেকে বের হওয়ার জন্য বলছিল। কারণ লাভণ্য জানে পিসিমা এসে গেলে আর উপায় নেই, হলোও তাই। পিসিমা এলেন এবং হিংস্র শাপদের মতো তাদেরকে দেখে কোন কিছু না বলে দরজা বন্ধ করে দিলেন বাইরে থেকে।

মৃত্যুর প্রতীক্ষায় দিন গুনছে যে বৃদ্ধা সে গহনা, টাকা, মোহর, মণিরত্ন দিয়ে কী করবে? এই প্রশ্ন জাগে আমাদের মনে - উত্তর অবশ্যই এক রকম করে মিলে যায় যখন জানতে পারি ---

"এই প্রাচীন লুপ্তপ্রায় পরিবারের সমস্ত সম্পদ বৃদ্ধা বুঝি তাহার ঘরে সঞ্চিত করিয়া রাখিয়াছে। সেই সম্পদ আগলাইয়া ডাইনির মতো সে দিনরাত্রি বসিয়া থাকে।" (২)

লাভণ্য শ্বশুর বাড়িতে এসে শ্বশুর-শাশুড়ি কাউকে পায়নি, সে স্থান পিসিমা নিতে পারতেন। কিন্তু অসুস্থমনা, ডাইনি সদৃশ, শকুনির মতো বীভৎস দর্শন পিসিমা ভয়ংকরী হয়েই রইলেন। তার অন্তরে রেহ-মায়া-মমতা কর্তব্যের কোন বালাই নেই। তাই মহিম যখন লাভণ্যকে নিয়ে যায় টেনে, পিসিমা তখনও চূপই রইলেন, যা গল্পের পরিবেশ, মানসিকতা ইত্যাদি সম্পর্কে খুবই মানানসই। এরকম অদ্ভুত-অস্বাভাবিক চরিত্র বাংলা সাহিত্যে বিরল এবং অদ্বিতীয়। এ প্রসঙ্গে অনিন্দিতা বন্দোপাধ্যায়ের মন্তব্যটি উদ্ধৃত করে এ গল্পের পিসিমা চরিত্রের আলোচনায় ইতি টানছি। তিনি বলেছেন-

" 'হয়তো' " গল্পে এই আবহ বা পরিবেশকে রহস্যপূর্ণ করে তুলতে লেখক বিশাল 'ভগ্ন প্রাসাদের পোড়ো ঘর', 'আগাছার জঙ্গল', 'চামচিকার রাজত্ব' - ইত্যাদি শব্দগুচ্ছ ব্যবহার করেছেন। আর সেই পরিবেশকে আরো ভয়ানক করে তুলেছে পিসিমার 'শকুনির মতো শীর্ণ বীভৎস মুখের কানা একটি

চোখের ভয়ঙ্কর দৃষ্টি', যে দৃষ্টি দিয়ে সে হিংস্র শ্বাপদের মতো চেয়ে থাকে। এক বাক্যের এই প্রতীকী চিত্রকল্পটি ব্যবহার করে লেখক এক মুহূর্তেই একটি চরিত্রকে উদ্ভাসিত করে তুলেছেন পাঠকের কাছে। পিসিমা চরিত্রটির বাইরের রূপটি শুধু নয়, চরিত্রের অন্তর্লীন সত্য রূপটিও জীবন্ত হয়ে উঠেছে এই চিত্রকল্পের মধ্য দিয়ে। দর্পনের মধ্য দিয়ে মুখটিকে যেন দেখা হচ্ছে তাই মুখের বাহ্যিক রূপের আড়ালে একটি অন্তর্গুঢ় রূপের প্রতিফলন ঘটেছে।"<sup>(৩)</sup>

তবে শকুনির মতো, হিংস্র শ্বাপদের মতো, ডাইনির মতো পিসিমা আমাদের কাম্য নয় কিংবা প্রেমেন্দ্র মিত্রের গল্পের পিসিমাদেরও একমাত্র পরিচয় নয়। এক বিশেষ গল্পের জন্যই এরকম পিসিমার সাক্ষাৎ আমরা পাই প্রেমেন্দ্র মিত্রের সৃষ্টি দক্ষতারই এক অন্যরকম নিদর্শন রূপে।

আমাদের সেকালের সমাজ ব্যবস্থায় এ রকম অনেক পরিবারই ছিল যেখানে বিধবা পিসিমারা থাকতেন। সন্তানহীন, অল্পবয়সে বিধবা হয়ে অনেক মেয়েরাই বাবার বাড়িতে কিংবা আত্মীয়দের বাড়িতে আশ্রয়ে নিতেন। প্রেমেন্দ্র মিত্রের গল্পেও রয়েছে এরকম বেশ কয়েকজন পিসিমা যারা ডাইপোদের সংসারে বয়স্কা কর্তী রূপে সংসারের দেখাশোনা করেন। 'পরাভব', 'পাশাপাশি', 'নতুন বাসা' গল্পগুলি এ প্রসঙ্গে আলোচনা করা যেতে পারে। 'পরাভব' গল্পের পিসিমা ডাইপো রমেশকে ছোট থেকে মানুষ করেছেন। রমেশের মা মৃত্যুকালে রমেশকে তার হাতেই সমঝে দিয়েছেন। সেই থেকে পিসিমা রমেশের সমস্ত ভালো মন্দের ভার নিয়েছেন এবং নিখুঁতভাবে পরম মমতায় তা করে যাচ্ছেন।

এখন রমেশ বড় হয়েছে, বিয়ে থা করেছে। রমেশের বৌ সুখমা বিয়ের পর যখন বাড়িতে এসেছে, পিসিমার প্রতি আকৃষ্ট হয়েছিল সবচেয়ে বেশি। কিন্তু ক্রমে ক্রমে রমেশের অতিরিক্ত পিসিমা-প্রীতি এবং বামুন ঠাকুরগণের পিসিমা সম্পর্কে মন্তব্য সুখমাকে পিসিমার প্রতি কিছুটা বিরাগ করেছে। সাধারণ কোন বিষয়, তুচ্ছাতুচ্ছ কাজ পিসিমার আজ্ঞা ছাড়া রমেশ করতে পারে না, এতে সুখমার আর ধৈর্য থাকে না। সে স্বামীকে প্রশ্ন করে - "এ বাড়ির কর্তা তুমি, না তোমার পিসী?"<sup>(৪)</sup> কিন্তু পিসিমার কোন কর্তৃত্বাভিমান নেই, নেই কোন দূরভিসন্ধিও। তিনি রমেশের এবং সুখমার মঙ্গলের জন্যই, তাদের সংসার সুখের, শান্তির ও ঝামেলামুক্ত থাকার জন্যই প্রয়োজনীয় নির্দেশ দিয়ে থাকেন।

সুখমা ও পিসিমার সম্পর্কও ছিল ভালো, কেবল রমেশের বোকা বোকা ব্যক্তিত্বহীন ভাব সুখমাকে পীড়িত করে। লেখক আমাদেরকে তা জানান এভাবে -

"সুখমা খারাপ মেয়ে নয়, অকারণ কলহ তাহার ভালো লাগে না ----- তবু যে সংসারে তাহার একলা গৃহিণীপনা করিবার কথা সেখানে স্বামীর এই দূর সম্পর্কের একজন আত্মীয়ের অবাধ প্রভুত্ব তাহার ভালো লাগে না, তাহার স্বামী এতটা বাড়িবাড়ি না করিলে সে পিসিমাকে লইয়া মানাইয়া চলিতে হয়ত পারিত, কারণ পিসিমার আর যাই থাক কর্তৃত্বের ভিতর কোথাও গর্ব বা কঠোরতা নাই।"<sup>(৫)</sup>

কিন্তু তবু একসময়ে সুখমার মনে পিসিমার সম্পর্কে এক অস্বস্তি সৃষ্টি হয়েছিল। আর সেই অস্বস্তির আওনে ঘৃণা দিতে গিয়েছিল বাড়ির অনেক কালের পুরনো লোক বামুন ঠাকুরগণ। রমেশের পিতামাতার মৃত্যুর পর বাড়িতে পিসিমার কর্তৃত্বটা সে সহ করতে পারত না।

রমেশ ও পিসিমার সম্পর্কে মায়ের ছেলের অভিমানের প্রকাশ দেখা যায় যখন পিসিমা গঙ্গাসাগর তীরে যেতে চান। রমেশের জন্য পিসিমার কোথাও যাওয়া হয় না। আজ বিশ বছর কাছেই থাকা কালীঘাট পর্যন্ত তার যাওয়া হয়ে ওঠে না। তাই তীরে যাওয়া ঠিক হলে নানান ছল-ছুতো যেমন, জ্বর আসা, সমুদ্রে জাহাজ ডুবে যাওয়া ইত্যাদি শোনার রমেশ। অপরদিকে পিসিমা পাখী পড়াবার মতো করে দিনে দশবার সুখমাকে সংসারের সমস্ত কাজ বুঝিয়ে দিচ্ছেন। তার অবর্তমানে সুখমার যাতে কোন অসুবিধা না হয় এবং সংসারটি যাতে ভালোভাবে চলতে পারে সেজন্য। মাতৃসুলভ দুর্গচ্ছিন্তা থেকেই পিসিমা এরকমটা করে থাকেন।

পিসিমা রমেশকে অনেকটা ছেলেমানুষ ভাবেন। তিনি জানেন তাঁর ব্যবসায়িক বুদ্ধি নেই, তাই তিনি ইটখোলার দরকার নেই। এতে রমেশ ক্ষুব্ধ হয় আর অপমান বোধ করে সুষমা ও তার দাদা। ফলে এই ছোট ব্যাপারটা কুৎসিত আকার ধারণ করতে বেশি সময় লাগেনি। সকালে ভাত খেতে না যাওয়ার কথা পিসিমা জানতে চাইলে সুষমা কোন জবাব দেয়নি। পিসিমা ঘোরপ্যাচের ধার না ধরে জিজ্ঞেস করেন, সুষমা তার উপর রাগ করেছে কি? এবারও সুষমা উত্তর দেয়নি, কিন্তু তার হয়ে বামুন ঠাকুরণ যেচে উত্তর দেওয়ায় পিসিমা অত্যন্ত অপমানিত বোধ করেন এবং ঘৃণায় কাঁঠ প্রায় হয়ে যান। পরে কোন রকমে টলতে টলতে ঘর থেকে বেরিয়ে গেলেন। সুষমার দাদাও পিসিমাকে অপমান করেছে আর আজ বামুন ঠাকুরণের কথায় সুষমার সায় আছে মনে করে ভীষণ আহত হন। তবু অযথা কথা বাড়ানো তিনি পছন্দ করেন না। তাই বলে কর্তব্য পালনে, প্রয়োজনীয় নির্দেশ দানে তিনি দৃঢ়। তাই তিনি বলেন ---

“যতদিন রমেশ আমার কাছে মত নিতে আসবে, ততদিন তার পক্ষে আমি যা ভাল বুঝি তাই তাকে আমি জানাব। আমার মত নেওয়া বা নিয়ে সে মত রাখা না রাখা তার ইচ্ছা।”<sup>(৬)</sup>

রমেশ-সুষমার সংসারে যখন তাকে নিয়ে অশান্তির বাতাবরণ তিনি টের পেলেন তখন অত্যন্ত সহজভাবে তিনি সেখান থেকে সরে যেতে চাইলেন। তিনি তার এক বোনের বাড়ি যাবার ব্যবস্থা করলেন, কিন্তু পরে সুষমারই জন্য আর সেখানে যাওয়া হয়নি। পিসিমার কোনরকম অসৎ উদ্দেশ্য ছিল না তা সুষমা ভালোভাবেই জানত। তাছাড়া পিসিমা সম্পর্কে তার দাদার মন্তব্য কিংবা বামুন ঠাকুরণের কটু শব্দ ব্যবহার সুষমার অনুমোদন পায়নি। পিসিমার মতো একজন সত্যিকারের স্নেহময়ী জননী সদৃশা নারীর অপমান তাই সুষমা কোনমতেই হতে দেয়নি। সমস্ত রকম পরিবেশে পিসিমা এই গল্পে আপন চারিত্রিক মহত্বে ভাস্বর।

এরকমই আরো এক পিসিমার দেখা পাই ‘নতুন বাসা’ গল্পে। এখানে একটি নয়, তিন-তিনটে অনাথ ভাইপোকে নিয়ে আছেন পিসিমা। গল্পটি ‘মহানগর’ গল্পগ্রন্থের অন্তর্গত হয়, পরে এটি সমস্ত গল্পের তৃতীয় খণ্ডে স্থান পেয়েছে। অনেক কষ্টে-সৃষ্টে তিনি ভাইপোদের মানুষ করেছেন। তিনি তার জন্য যেমন একটু হিসেবী, তেমনই এ সব ইতিহাস শোনাতেও বেশ একটু আগ্রহী। এর সত্যতা প্রমাণের জন্য লেখকের সাহায্য নেওয়া যায়। অমলের সম্পর্কে লিখতে গিয়ে লিখেছেন -

“তিনটি অনাথ ভাইকেই পিসিমা কোনো রকমে মানুষ করেছেন। তার বড়ো দুই ভাই সাবালক হতে না হতেই কাজে ঢুকেছে। তাদের রোজগারে ও পিসিমার হিসেবি পরিচালনাতেই এ সংসার দিন দিন উন্নতি করেছে।<sup>(৭)</sup> কিংবা “অন্যদিন হলে পিসিমা বোধ হয় এত সহজে প্রবোধ মানতেন না। -----  
-- কীভাবে তিনটি অনাথ ভাইপোকে তিনি মানুষ করে তুলেছেন, সমস্ত সুদীর্ঘ ইতিহাস হয়তো অমলকে শুনতে হত।”<sup>(৮)</sup>

অমল সবচেয়ে ছোট ভাইপো। সে কলেজে পড়ে। তিনটি ভাইপোকে নিয়ে পিসিমা অনেক ভাড়াটে থাকা একটি বাড়ির খুপরি মতো ঘরে বাস করতেন। এখন কিছুটা সচ্ছলতার মুখ দেখতে পাওয়ায় এ বাড়ি ছেড়ে অধিক ঘর সমেত পাকা নতুন ভাড়াটে বাড়িতে যাচ্ছেন।

পিসিমা তাই আজ ভীষণ খুশি, সেইসঙ্গে একটু গর্বিতও। তাই তিনি ক’দিন থেকেই অন্যান্য সব ভাড়াটীদের কাছে নতুন বাসার পুঙ্খানুপুঙ্খ বর্ণনা দিয়ে আসছেন। তার যে এখন পাঁচমিশেলি হাঘরে ভাড়াটীদের সঙ্গে আর থাকতে হবে না, স্বতন্ত্র একটি পাকা কোঠাবাড়িতে আপন মনে গোছগাছ করে থাকতে পারবেন, নোংরা নর্দমা ঘেরা স্থান ছেড়ে দস্তুরমতো ভালো রাস্তার ভদ্রপাড়ায় গিয়ে উঠবেন; এসব তার কাছে খুবই আনন্দের এবং অহংকারের বিষয় হয়ে উঠেছে। প্রতিবেশীদের একটু ঈর্ষা, একটু বিস্ময় জাগাতে পারলে তিনি খুশি হন। বাড়ি বদল করাটাকে তিনি বাহাদুরির মধ্যেই গণ্য করেন। তবে এ সব এই পিসিমা চরিত্রের একটা দিক মাত্র। মূলত তিনি একজন হিসেবী, সাবধানী, পরিপাটি এবং স্নেহময়ী নারী। তিনি সদাই ভাইপোদের সংসারের উন্নতি সাধনে ব্রতী ছিলেন। অতএব বলা যায় এই পিসিমা ভাইপোদের সংসারকে নিজের বলেই গ্রহণ করে বিরাজিতা আছেন এবং বিচক্ষণতার পরিচয় দিয়েছেন।

আবার অন্য এক পরিবেশে, অন্য এক মাত্রায় দেখতে পাই 'পাশাপাশি' গল্পের পিসিমাকে। গল্পটি প্রথমে 'মুক্তিকা' গ্রন্থের অন্তর্ভুক্ত ছিলো, পরে সমস্ত গল্প সংকলনের প্রথম খণ্ডে স্থান পেয়েছে। পাশাপাশি বাস করা দুটি পরিবারকে নিয়ে গল্পটি রচিত। বিধুবুধণ ও অমলের পরিবার। দারিদ্র্যের কারণে কম ভাড়ায় তারা একসঙ্গে বাস করে এবং দুই পরিবারের কর্তার সম্পর্ক দাঁড়ায় ভাই-ভাই এ। ছোট ভাই অমলের পরিবারে আছেন তার পিসিমা, যিনি এ গল্পের কাহিনি ও চরিত্রকে জটিলতা সৃষ্টিতে সাহায্য করেছেন এবং গল্পকে সমাপ্তির পানেও নিয়ে গেছেন।

একদিকে বিধুবুধণ ও তার স্ত্রী, যিনি মেজবৌ বলে পরিচিত - তারা নিঃসন্তান। অপরদিকে অমল ও তার স্ত্রী কাননের রয়েছে এক শিশুপুত্র। এই শিশু (খোকা) মেজবৌকে জ্যেষ্ঠ বা জ্যেষ্ঠিমা বলে ডাকে এবং মেজবৌয়ের জীষণ নেওটা, মেজবৌও তাকে খুব ভালোবাসেন। সময়ে-অসময়ে তার বায়নাও পূরণ করে থাকেন। কিন্তু একদিন খোকা অসুস্থ হলে মেজবৌ তার জন্য ওষুধ নিয়ে যান। পিসিমা খোকাকার অসুখের জন্য মেজবৌকে দোষী সাব্যস্ত করেন। তিনি মুখে মেহ দেখিয়ে মিষ্টি সুরে মেজবৌকে বলেন -

"ঐশ্বর্ষ তো দেবে মা, তবে কিনা গোড়ায় কুড়ুল মেরে আগায় জল দেওয়াটা তো আর ভাল নয়।" (৯)

মেজবৌ এর অর্থ বুঝতে পারেননি, তিনি বিস্মিত হয়ে চেয়ে রইলেন, পিসিমার কুটিল মন তাতে স্বস্তি পায়নি। তিনি স্পষ্টকরেই কথাটা বলতে চান, তাতে মেজবৌ আঘাত পেলে তার কিছু যায় আসে না। তিনি সোজাসুজি বলেন মেজবৌ খোকাকে হাঁড়ির তলানি, পাত কুড়ানি খাইয়েছে বলেই আজ খোকা এমন অসুস্থ হয়েছে। ক্রুদ্ধ বিক্রম মিশ্রিত কণ্ঠে মেজবৌ জানায় যে, ঘরে ঠিক মতো খাবার দিতে পারেন না বলেই ছেলেটি তার কাছে গিয়ে খাবারের জন্য হাঁ হাঁ করে বেড়ায়। পিসিমা একথা শুনে রাগ করেননি। কুসংস্কারাচ্ছন্ন পিসিমা তখন একেবারে মধুমাখা গলায় কথা বলতে শুরু করেন। মেজবৌকে আঘাতের পরিমাণটা তখনও কম ছিল, আসল কথাটা বলতে বাকী ছিল। তিনি মেজবৌকে রাগ করতে বারণ করেন এবং কুসংস্কারাচ্ছন্ন বাস্তবের সঙ্গে পরিচয় করিয়ে দিতে চাইলেন, তাই বলেন -

"-----বিধেতা তোমায় বঞ্চিত করেছেন, ছেলেপুলের কথা তুমি জানবেই বা কি করে বলা।" -----

-----কপালে যাদের আদর করা নেই, তাদের আদর যে সয়না কিছুতে --- শাপ হয় যে।" (১০)

জ্যেষ্ঠিমার অত্যন্ত হ্যাংলা খোকাকে দিয়ে পিসিমা মেজবৌয়ের অতৃপ্ত মাতৃহৃদয়কে যেমন টুকরো টুকরো করেছেন, তেমনি গল্পের গতিকেরও ত্বরান্বিত করেছেন।

পিসিমার কাছ থেকে আঘাত পেয়েই মেজবৌ স্বামীকে বাড়ি বদলের জন্য বলে। চরিত্র এবং কাহিনীর গতি পরিবর্তন হতে চায়। উপরন্তু অমলের চাকরি ছুটে যায়, দুবেলা খাবার জোটানোও তার পক্ষে এখন আর সম্ভব নয়। এমতাবস্থায় সম্বল কেবল পিসিমার দশটাকা মাসহারা। তাইতে কোনরকমে চলে কিংবা চলে না। কানন হাত চালায় মেজবৌয়ের রান্নাঘরে। অথচ দেমাকী কানন সামনাসামনি মেজবৌ কিছু দিলে নিতে চায় না। ঘরের বাসন-কোসন বিক্রি করেও আর সংসার চলে না এদের। তখন পিসিমা আর চুপ করে থাকতে পারেননি। একদিন খোকাকার লুচি খাওয়ার বায়নাকে কেন্দ্র করে তিনি সব ফাঁস করে দিলেন। তার ভাষায় ---

"নবাবের বেটা আবার বলে, লুচি খাব। চাল বিনে আজ হাঁড়ি চড়বে না যে রে হতভাগা। লুচি খাবে কি, তোর বাবা যে একমাসে একটা পয়সা ঠেকাতে পারেনি, সব যে এই বুড়ীর ঘাড় দিয়ে চলেছে।" (১১)

এ ভাবে পিসিমার মাধ্যমেই অমলের সংসারের চরম দারিদ্র্যের রূপটি মেজবৌ ও পাঠক জানতে পারেন। এরপর মেজবৌ নিজের সমস্ত অপমান, আঘাত ভুলে কিছু চাল এবং অন্যান্য জিনিস থালায় করে নিয়ে গিয়ে ডাক দেন পিসিমাকে। তাকে দেখে পিসিমা বিশ্বাসে নির্বাক হয়ে গেলেন, পরে কাননের কথায় চমকে উঠলেন। কাননের নাউখুড়ি করতে বারণ করে মেজবৌয়ের হাত থেকে থালাটি তুলে নেন। যে মেজবৌকে পিসিমা একদিন চরম আঘাত দিয়েছেন আজ বিপদের দিনে সেই মেজবৌই সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে আর পিসিমাকে তা গ্রহণ করতে হচ্ছে দারিদ্র্যের চরম কশাঘাতে জর্জরিত হয়ে। এভাবে সমস্ত গল্পেই পিসিমা চরিত্রটির গুরুত্ব, প্রয়োজনীয়তা এবং পস্থাপনায় প্রেমেন্দ্র মিত্রের দক্ষতার পরিচয় মিলে।



'কুয়াশায়' গল্পে প্রেমেন্দ্র মিত্র দুই পিসিমাকে চিত্রিত করেছেন। এটি 'নিশীথ-নগরী' গল্প গ্রন্থের একটি গল্প। এতে একজন ক্ষান্ত পিসি। অন্যজন নরেনের পিসি মোক্ষদা ঠাকরণ। দুই পিসি দুই মেরুর, দুই মাপের মানুষ। মানুষের খুঁত ধরা, পুরনো দুঃখ-বেদনাকে জাগিয়ে দেওয়া, অন্যের ভাগ্য সঘঞ্চে উপদেশে মত্তব্য করা ইত্যাদি ক্ষান্ত পিসির কাজ। তার বেশভূষা আর চরিত্রের মিল খুঁজে পাওয়া যায় না। তার পরনে পেরুরা কাপড় আর গলায় রুম্বাকের মালা, কিন্তু স্বভাবে 'সেপাই', 'ফফর দলালি' করা গোছের মানুষ। সামান্য দর্শনে অতি কম কথায় লেখক ক্ষান্ত পিসি চরিত্রটিকে জীবন্ত করে তুলেছেন। তাঁর সম্পর্কে জানা যায় -

"ক্ষান্ত পিসী বলে তিনি সাধারণত পরিচিত; কিন্তু হেঁসেলের মেয়েরা গোপনে বলে, 'সেপাই' এবং বোধ হয় অন্যায় করে না। স্ত্রী লোকটির চেহারা, ব্যবহারে, কথায়-বার্তায় এমন একটি পুরুষ জবরদস্ত ভাব আছে যা দেখলে স্বাভাবতই ভয় হয়।" (১২)

যিনি স্বভাবতই ভয় উদ্বেককারী, যাকে দেখলে সবাই ভয় পায়, যার বাক্যবাণে মানুষের মনোকষ্ট হয় সেই ক্ষান্তপিসির সব আক্ষালন শান্ত হয়ে যায় মোক্ষদা ঠাকরণের কাছে।

মোক্ষদা ঠাকরণের কর্তৃত্ব সর্বত্রই বহাল আছে। আর তার কর্তৃত্বের জন্য তাকে হিংসা করেন মনে মনে ক্ষান্ত পিসি। মোক্ষদা ঠাকরণ এ বাড়ির বয়স্কা মহিলা। বয়স্কা বলে তিনি অন্যায়-অবিচার করা কিংবা অন্যদের মনে কষ্ট দিয়ে কথা বলা মোটেই পছন্দ করেন না। বলতে হয় মোক্ষদা পিসিমা সকলের তুলনায় অনেকটা এগিয়ে ছিলেন মনের দিক থেকে। তাই তিনি তার ভাইপো নরেনের (পরপুরুষের) সামনে সরমাকে লজ্জা না করার কথাই বলেন। এ ছাড়া তার দয়া-মায়ামমতা-মানবিকতাবোধও ছিল প্রশংসনীয়। ক্ষান্ত পিসি যেখানে সরমার দুর্ভাগ্য প্রসঙ্গ টেনে এনে বলেন-

"কী কপাল করেই এসেছিলে বাছা, ফটকের মার সংসারটা ছারখার হয়ে গেল।" (১৩)

সেখানে মোক্ষদা পিসি তার সরমা নামক ভাগ্নে বৌয়ের এয়োভাগের কথা বলতে গিয়ে নিজের অজান্তে সরমার কষ্টকে জাগিয়ে তুলেছেন বুঝতে পেরে কথা ঘুরিয়ে ফেলেন। লেখক বলেছেন -

"----- হঠাৎ সঙ্কুচিত মেয়েটির সিন্দুরবিহীন সীমান্তরেখার দিকে জোখ পড়তেই বোধ হয় কথাটা পাল্টে নিয়ে তিনি বলেন, 'অত সূক্ষ্ম কাজে চলবে না মা! ----- হাত চালিয়ে নাও, হাত চালিয়ে নাও; ও খোলা টোলা একটু আধটু থাকলে আসবে যাবে না।'" (১৪)

মানুষের একটু আধটু দোষ ক্রটি একটু থাকাকে তিনি স্বাভাবিক বলেই মনে করেন। প্রয়োজনে তিনি হেঁসেলের মেয়েদের কাজে সাহায্যও করেন। তাই কুটনো কুটতে দেবী হচ্ছিল যখন সরমার তখন তিনি নিজে বটি নিয়ে বসে যান। আবার যখন দেখি সরমার আসার প্রথম রাতে সরমার শোবার ব্যবস্থা না করে নিজে শুয়ে পড়েন তখন নলিনীর কথায় লজ্জিত হন। দেখা যায় মানুষের স্বাভাবিক সুকুমার প্রবৃত্তিগুলি মোক্ষদা পিসি চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য। শুধু সরমার প্রতিই নন, নলিনীর মতো মুখরা, আপাত কঠিন মেয়েটির ধার মুখের অন্তরালে মেহসিক্ত মনটিকে তিনি বুঝতে পারেন। নবাগতা সরমাকে নলিনীর সম্পর্কে এ কথাটি তিনি জানিয়ে রাখেন, যাতে সরমা নলিনীকে ভুল না বুঝে। সর্বত্রই মোক্ষদা পিসির সজাগ দৃষ্টি লক্ষ্য করা যায়।

মোক্ষদা পিসির ভাইপো নরেনকে এখন প্রায়ই কলকাতায় যাতায়াত করতে হয়। সেই সুবাদে পিসির বাড়িতে এসে ওঠে। পিসি ভাইপোতে কত গল্প-হাসি-ঠাট্টা, স্মৃতিচারণ হয়। একদিন নরেন পিসিমাকে ও সরমাকে পরদের খান দিলে পিসিমা মুখে যাই বলুন মনে মনে খুশিও হয়েছেন এবং নিজে কেনার অক্ষমতাকে প্রকাশ করে ভাইপোর প্রশংসা করেন। নরেনের চিঠি কিংবা তার ঠাট্টা করে বলা অনেক কথার মধ্য দিয়ে পিসিমা সরমা সঘঞ্চে তার মনের সহানুভূতিকে প্রকাশ করেন এবং তার সম্পর্কে সচেতন হয়ে ওঠেন। আবার নরেনের কষ্টকে অনুভব করে ঘরে শোবার বন্দোবস্ত করার কথা ভাবেন। এভাবে সমস্ত গল্প জুড়ে এই মোক্ষদা পিসিমার চরিত্রটি কাহিনি নির্মাণ, চরিত্র শোবার বন্দোবস্ত করার কথা ভাবেন। এভাবে সমস্ত গল্প জুড়ে এই মোক্ষদা পিসিমার চরিত্রটি কাহিনি নির্মাণ, চরিত্র শোবার বন্দোবস্ত করার কথা ভাবেন। এভাবে সমস্ত গল্প জুড়ে এই মোক্ষদা পিসিমার চরিত্রটি কাহিনি নির্মাণ, চরিত্র শোবার বন্দোবস্ত করার কথা ভাবেন। এভাবে সমস্ত গল্প জুড়ে এই মোক্ষদা পিসিমার চরিত্রটি কাহিনি নির্মাণ, চরিত্র শোবার বন্দোবস্ত করার কথা ভাবেন।

“আর দূর দূরান্তরে যাবারই বা তোর কিসের দরকার ! এত লোকের দেশে অন্ন হচ্ছে আর তোর হয় না ?” (১৫)

এখানে সন্তানকে নিজের কাছ থেকে দূরে পাঠানোতে মাতৃসুলভ আশঙ্কা জেগে ওঠে পিসিমার মনে। তিনি নরেনের সামনে আর দাঁড়াতে পারেননি। নারী হৃদয়ের সন্তানপ্ৰীতি নরেনের মাধ্যমে মোক্ষদা পিসিমার চরিত্রে ফুটে উঠেছে। অপরদিকে অন্যান্যদের সঙ্গে তার ব্যবহারের মধ্যদিয়েও তার চরিত্রটি উজ্জ্বল হয়ে উঠেছে।

আরও কিছু গল্প যেমন ‘লাল তারিফ’, ‘শবযাত্রা’, ‘দিবাস্বপ্ন’, ‘জনৈক কাপুরুষের কাহিনী’, প্রভৃতিতেও প্রেমেন্দ্র মিত্র পিসিমার প্রসঙ্গ এনেছেন। আলাদা-আলাদা পরিবেশে, আলাদা আলাদা প্রয়োজনে চরিত্রগুলোকে মানিয়েছেন তিনি। তাই কোন গল্পের পিসিমা একটু কঠিন, কোন গল্পে একটু কোমল, কোন গল্পে বীভৎসা, কোন গল্পে গভীর। কোমলে-কঠোরে, ভালোয়-মন্দয়, ক্রুরতা-মমতায়, মননে-চিন্তনে মিলিয়ে তাঁর পিসিমা চরিত্রগুলো বৈচিত্র্যময় আর পিসিমা সিরিজের গল্পগুলো অনন্যস্বাদী ও অনুব্রত পাঠক মনোদোলাদায়ী।

### সূত্র নির্দেশ :-

- ১) মিত্র প্রেমেন্দ্র - প্রেমেন্দ্র মিত্রের সমস্ত গল্প (১ম খণ্ড) ওরিয়েন্ট লংম্যান লিঃ কল - ৭২ পৃঃ - ৪৫ ১৯৯২
- ২) তদেব। পৃঃ - ৫২
- ৩) বন্দ্যোপাধ্যায় অনিন্দিতা- প্রেমেন্দ্র মিত্রের ছোটগল্প মননে ও সৃজনে পুস্তক বিপনি, কল -৯, ২০০৫ পৃঃ ১৩৫-১৩৬
- ৪) মিত্র প্রেমেন্দ্র - প্রে.মি.স.গ. (১ম খণ্ড) পৃঃ - ২২৬
- ৫) তদেব। পৃঃ - ২২৭
- ৬) তদেব। পৃঃ - ২৩৩
- ৭) মিত্র প্রেমেন্দ্র - প্রে.মি.স.গ. (৩য় খণ্ড) পৃঃ - ১৬৮
- ৮) তদেব। পৃঃ - ১৬৭
- ৯) মিত্র প্রেমেন্দ্র - প্রে.মি.স.গ. (১ম খণ্ড) পৃঃ - ২৪২
- ১০) তদেব। পৃঃ - ২৪৩
- ১১) তদেব। পৃঃ - ২৪৫
- ১২) তদেব। পৃঃ - ১৫৩
- ১৩) তদেব। পৃঃ - ১৫৪
- ১৪) তদেব। পৃঃ - ১৫৩
- ১৫) তদেব। পৃঃ - ১৬০

\*\*\*\*\*

ISSN 2395-7298

# EDUSEARCH

A Peer Reviewed Bi-lingual Multi Disciplinary National Level  
Annual Research Journal

Volume-VII, June 2022



Research & Development Cell  
Nabinchandra College, Badarpur  
Re-Accredited by NAAC (3rd cycle)  
Badarpur, Karimganj, Assam

vivo Y20A



EDUSEARCH

ISSN 2395-7298

Vol-VII, June-2022

A Peer Reviewed Bi-Lingual Multi-Disciplinary National Level Annual Research Journal

Published by, Research & Development Cell, Nabinchandra College, Badarpur, Karimganj, Assam-788806

## আশাপূর্ণা দেবীর 'জবর দখল': নারীচেতনার মাইলস্টোন

ড রুণা পাল

সহকারী অধ্যাপিকা

ওয়েস্ট শিলচর কলেজ, বড়যাত্রাপুর, কাছাড়

আমাদের সমাজ নানাভাবে বিন্যস্ত। বর্ণ-বর্ণ-লিঙ্গগত বিভাজন সমাজের বিচিত্র মানসিকতাকে মূর্ত করে তোলে। এর মধ্যে লিঙ্গগত বিভাজন এক বিশেষ মাত্রায় স্বতন্ত্র বলে গণ্য হয়ে থাকে। বর্ণ-বর্ণ বা অন্য সকল বিভাজনে দু'পক্ষেই রয়েছে নারী ও পুরুষ। একমাত্র লিঙ্গ গত বিভাজনই নারী ও পুরুষকে পুরোপুরি স্বতন্ত্র অবস্থানে দাঁড় করিয়ে দিয়েছে। নারীর জন্য নির্দিষ্ট করে দেওয়া হয়েছিল গৃহকোণ, আর পুরুষের জন্য বাইরের পৃথিবী। শুধু এইটুকুই নয়, নারীকে তার জীবনের সমস্ত রকম সাধ-আহ্লাদ স্বতঃস্ফূর্ততা থেকে বঞ্চিত করে রাখা হয়েছিল। ফলে পারিবারিক-সামাজিক-রাজনৈতিক-ধর্মীয় শ্রেণীপটেও নারী হয়ে যায় অপাংক্তেয়, শোষিত এবং প্রান্তিকায়িত। নারীর উপর চালানো হয়েছিল অমানবিক, অকথিত শারীরিক ও মানসিক অত্যাচার। অল্প বয়সে বিয়ে দেওয়া হতো অপেক্ষাকৃত বেশি বয়সের পুরুষের সঙ্গে। নারীর হেসে-খেলে বেড়ানোর বয়সে তাকে মাথায় ঘোমটা দিয়ে সভ্রম এবং বিধি-নিষেধের দমবন্ধ পরিস্থিতিতে মানিয়ে চলার শিক্ষা দেওয়া হতো। বাল্যবিবাহ, সতীদাহপ্রথা, বহুবিবাহ, পর্দাপ্রথা, বৈধব্যের কঠোরতা ইত্যাদি অমানবিক বিধি নিষেধে নারীর জীবন হয়ে উঠেছিল বিষময়। লৈঙ্গিক বৈষম্যের কারণে গৃহকোণে বন্দী হওয়ার সঙ্গে সঙ্গে নিজেদের সত্তা সম্পর্কেও হয়ে পড়েছিল উদাসীন। এবং কিছু সংখ্যক সমাজপতিদের সৃষ্ট বিধি-নিষেধের নিগড়ে তারা পড়ে গিয়েছিল বাঁধা। ফলে প্রতাপের আধিপত্য বিস্তারকারী পুরুষতান্ত্রিক সমাজের হাতের পুতুল রূপে পরিগণিত হয়ে পড়েছিল। পুরুষ নারীকে নিজের প্রয়োজনে কখনও শ্রুতি কখনও নিন্দা করেছে। তারা নারীকে গড়ে তুলেছে- অর্ধেক মানবী তুমি, অর্ধেক কল্পনা। অর্থাৎ নারী পুরো মানবী বা মানুষ নয়। তার অস্তিত্ব খণ্ড, অপূর্ণ।

এই কী নারীর চিরন্তন রূপ! যদি না হয় তবে কেমন ছিল নারীর পূর্ব পরিচিতি? এ প্রশ্নে চলে যেতে হয় একেবারে বৈদিক যুগে। তখন কেমন ছিল নারী পরিসর, তার চৈতন্যময় সত্তা কি ছিল দ্বিধাজর্জরিত কিংবা অপমানিত, বঞ্চিত? না। এর প্রমাণ স্বরূপ আমরা ড. সুস্মিতা ঘোষের সাহায্য নিয়ে বলতে পারি -

“বৈদিক যুগের সমাজে নারীর প্রতি কোন রকম অশ্রদ্ধার ভাব দেখা যায় না। প্রাচীন আর্যঋষিরা অনুভব করেছিলেন যে, ব্যবহারিক জীবনে ও আধ্যাত্মিক জীবনে পুরুষের সঙ্গে নারীও সমান শক্তির অধিকারিণী।...

বৈদিক যুগে আর্যদের মধ্যে নারী শিক্ষার বিষয়ে অত্যন্ত আগ্রহ ও উৎসাহ দেখা যায়। বৈদিক মন্ত্রোচ্চারণে নারীর অধিকার ছিল এবং সে কারণে উপনয়ন বিধি পুরুষের মতো নারীর ক্ষেত্রেও অবশ্য কর্তব্য ছিল। শিক্ষারম্ভ করে তাঁরা সাধারণত ষোল-সতের বছর বয়স পর্যন্ত শিক্ষালাভের সুযোগ পেতেন। এরপর তাঁদের বিবাহ হতো।”

অর্থাৎ দেখা যাচ্ছে নারী ও পুরুষের মধ্যে ধর্মীয়-সামাজিক-শৈক্ষিক পরিসরে তখন কোন পার্থক্য ছিল না। শুধু তাই নয়, নানা রকম ললিত কলাতেও তৎকালীন নারীরা অনেক পারদর্শিতা দেখিয়েছিলেন। সঙ্গীত ও নৃত্য মেয়েরা পুরুষের থেকে অনেক বেশি এগিয়েছিল। বাল্যবিবাহ, সতীদাহপ্রথা কিংবা অন্য কোনওভাবে নারীরা অত্যাচারিত ছিলনা। স্বভাবতই প্রশ্ন আসে তবে নারী তাদের সমস্ত রকম উন্নয়ন এবং অধিকার থেকে বঞ্চিত হলে কখন? কিংবা কখন কীভাবে নারী প্রান্তিকায়িত হয়ে চেতনসত্তা হওয়া সত্ত্বেও প্রতিক্রিয়াহীন হয়ে গেল? এ প্রশ্নেও ড. সুস্মিতা ঘোষের গ্রন্থ থেকেই বলা যায়-

“যজুর্বেদের সময় থেকেই নারীর প্রতি সমাজের দৃষ্টিভঙ্গি পাল্টাতে শুরু করে। ধর্মের ক্ষেত্রে অনুষ্ঠানের আড়ম্বর ও জটিলতা বৃদ্ধি পেতে থাকে, ব্রাহ্মণ্য সম্প্রদায় নিজেদের আধিপত্য সম্বন্ধে বিশেষ উৎসাহী হন এবং এরই সঙ্গে ছিল অনার্য সংস্কৃতির সংমিশ্রণ। তখন থেকে শুরু হয়েছিল ন্যায় অধিকার থেকে নারীদের বঞ্চিত করার প্রচেষ্টা। যজ্ঞকর্মে নারীর অধিকার ও শিক্ষার অধিকার হ্রাস পেতে থাকে। ঋগ্বেদের পরবর্তী সময়ে ‘মিথ্যাচারিণী’, ‘দুর্ভাগ্যস্বরূপিণী’, ‘কন্যাসন্তান অভিশাপ’ ইত্যাদি অবমাননাকর শব্দগুলি নারীদের সম্পর্কে বৈদিক সাহিত্যে ব্যবহৃত হতে দেখা যায়।

সমাজে নারীজাতির মর্যাদা ধীরে ধীরে কমে আসায় স্ত্রী শিক্ষার বিরোধিতা

করে তাদের শিক্ষার অধিকার থেকে বঞ্চিত করার জন্য তৎকালীন সমাজপত্ৰীরা শাস্ত্রের দোহাই দিয়ে বলেন—

- ১) শাস্ত্রে স্ত্রী শিক্ষার কোন উল্লেখ নেই ।
- ২) মেয়েরা লেখাপড়া শিখলে ব্যভিচারিণী হয় এবং স্বামী ও অন্যান্য গুরুজনদের অবজ্ঞা করতে শেখে ।
- ৩) মেয়েদের অর্থ উপার্জন করতে হয় না বলে তাদের বিদ্যা শিক্ষারও কোন প্রয়োজন নেই ।”<sup>২</sup>

এভাবে শাস্ত্র, ধর্ম, সামাজিক বিধি-নিষেধ, অলিখিত সংস্কার-কুসংস্কারকে প্রাধান্য দিয়ে দিয়ে সমাজের এক বিরাট অংশ নারীকে চরম অসাম্য ও অন্ধকারের দিকে ঠেলে দেওয়া হয়েছিল, বঞ্চিত করা হয়েছিল সামাজিক এবং ব্যক্তিক সচেতনতা থেকে । ‘স্বামী’ ‘শ্বশুরবাড়ি’ নামক শব্দগুলি মেয়েদের পঙ্গুপ্রায় করে দিয়েছিল । স্বামীর আয়ুকমা, স্বামীর অসুস্থতা, স্বামীর মৃত্যু অর্থাৎ নারীর বৈধব্য ইত্যাদির ভয় দেখিয়ে মেয়েদের নানা কাজে বাধা দেওয়া হতো । অন্যদিকে আবার শ্বশুরবাড়িতে গেলে গাল খেতে হবে, লোকে মন্দ বলবে ইত্যাদি বলেও তাদের ইচ্ছেমতো কাজ করা থেকে বিরত রাখা হতো । মেয়েরা শুধু মেয়ে বলেই সাধারণ কাজ থেকে শুরু করে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার মতো এক বিরাট অধ্যায় থেকেও ছিল বঞ্চিত ।

লৈঙ্গিক বিন্যাসের ভিত্তিতেই সামাজিক এই নিয়ম মেয়েদের মেয়ে করে তুলেছে । একটি শিশু জন্মের সময় প্রাকৃতিক নিয়মানুযায়ী স্ত্রী লিঙ্গ বা পুরুষ লিঙ্গ নিয়ে জন্ম নেয় । সেজন্য সামাজিক-রাজনৈতিক-পারিবারিক-ধর্মীয়-শৈক্ষিক পরিবেশে চলার ক্ষেত্রে কোন পার্থক্য থাকতে পারে না । কিন্তু জন্মের পর থেকে ছেলেদেরকে একরকম এবং মেয়েদেরকে অন্যরকম চালচলন, কথাবার্তা, সাজপোশাক, খেলনার সামগ্রী ইত্যাদির মাধ্যমে পৃথক করে তোলা হয় । তাইতো তাত্ত্বিক সিমোন দ্য বোভোয়া বলেন—

“কেউ নারী হয়ে জন্মায় না, সমাজই তাকে নারী করে তোলে ।”<sup>৩</sup>

আমাদের সমাজ ব্যবস্থায় দেখতে পাই নারী শিশুকালে পিতার, যৌবনে স্বামীর এবং বৃদ্ধাবস্থায় পুত্রের অধীন । এই সামাজিক বিধি পিতৃতন্ত্রের আধিপত্যকেই সর্বত্র বহাল রাখে, আর নারী অনায়াসে সামাজিক সেই বিধিকে মেনে নিতে থাকে । সেই থেকে পিতৃতন্ত্র বুঝে নেয় এবং দৃঢ় নিশ্চয় হয় যে নারীর উপর রয়েছে তাদের পূর্ণ অধিকার । ঘরের আর পাঁচটা জিনিসের মতোই নারী পুরুষের ব্যবহার্য সামগ্রী মাত্র হয়ে যায় । বিবাহের কালে অন্যান্য সামগ্রী

যেমন- তিল, হরিতকী, থালা, বাসন, গরু, ভূমি, সোনা ইত্যাদি দান করা হয় তেমনি নারীকেও দান করা হয়। নারী এক পুরুষ থেকে অন্য পুরুষে অর্থাৎ বাবা, দাদা কিংবা তৎস্থানীয় ব্যক্তিপুরুষের হাত থেকে স্বামীতে হস্তান্তরিত হয়। আর সেই থেকে স্বামী হয়ে ওঠে তার জীবনের সর্বময় কর্তা। স্বামীর ইচ্ছা-অনিচ্ছায় তার জীবনের প্রতিটি পদক্ষেপ নির্ধারিত হয়। এভাবে নারীর উপর পিতৃতন্ত্রের আধিপত্য স্বতঃসিদ্ধ এবং সামাজিক স্বীকৃতি পেয়ে যায়। আর সেই স্বীকৃতি থেকে এবং স্বীকৃতিজাত অধিকার থেকে জন্ম নেয় নারীকে সম্পূর্ণরূপে শাসনের এবং প্রয়োজনে পীড়নের স্বীকৃতিটুকুও।

অপরদিকে এই সত্যটুকুও স্বীকার করতে হয় যে যেখানে পীড়ন, সেখানেই প্রতিবাদ। তাই পীড়িত নারীর মনে জাগে দোলা, তারা প্রতিবাদ জানাবার ভাষা খোঁজে, পথ খোঁজে। ফলে প্রান্তিকায়িত, অত্যাচারিত নারীসমাজের গভীরে ক্ষোভ-যন্ত্রণা-প্রতিরোধ ভাষাহীন অন্ধকার ভেদ করে ধীরে ধীরে উচ্চারণের আলো দেখা দেয়। ধাপে ধাপে নারী বিরূপ বিশ্বে নিজের স্বতন্ত্র অস্তিত্বের স্বীকৃতি লাভ করতে উৎসাহী এবং প্রতিজ্ঞাবদ্ধ হয়। একদিনে বা স্বল্প সময়ে এই কার্য সম্পাদন হয়নি নিশ্চয়ই, দীর্ঘ সময় ও লড়াই হয়ে গেছে ইতিমধ্যে। সময়ের হিসেবে তবু বলতে হয় যে উনিশ শতকের শেষ দশকে নারীর নিজস্ব অভিজ্ঞান সন্ধান বিশিষ্ট চরিত্র অর্জন করতে শুরু করে।

নারীর নিজের অস্তিত্ব সম্পর্কে সচেতনতা, ব্যক্তিত্ব সম্পর্কে স্বীকৃতি লাভেচ্ছা এবং পরিস্থিতির মোকাবিলায় অগ্রগামী হওয়া নিয়ে সাহিত্যতত্ত্ব গঠন এবং জীবনে এর প্রয়োগ হওয়ার বিষয়টি নিঃসন্দেহে ইউরোপীয় সাহিত্য ও জীবনেই প্রথম রূপায়িত হয়েছিল। সকল সাহিত্যশিল্প ও তত্ত্বই পরবর্তীতে আমাদের সাহিত্যে এবং জীবনেও প্রসার লাভ করে। নারীচেতনাবাদী তত্ত্বও এর ব্যতিক্রম নয়। আজ তা ছড়িয়ে পড়েছে দেশে-দেশান্তরে। সাহিত্য চিন্তার বিভিন্ন ধারার সঙ্গে যুক্ত হয়ে নারীচেতনাবাদ তাই এখন বিচিত্র পথের যাত্রী হয়ে উঠেছে। আমরা জানতে পারি, প্রতীচ্য তাত্ত্বিকগণ নারীচেতনাবাদকে গভীরতর ও ব্যাপকতর মাত্রা দান করেছেন বিশ শতকের শেষ পাঁচ দশক জুড়ে। লিঙ্গভিত্তিক সমাজে যৌন নির্যাতনের প্রতিবাদের সঙ্গে সঙ্গে, নারীর সবধরনের শারীরিক, মানসিক ও আত্মিক অভিজ্ঞতা সাহিত্যিক অভিব্যক্তি দাবি করেছে। ফলে নারীচেতনাবাদ একরৈখিক নয়, বহুস্বরিক দ্যোতনায় দ্যোতিত।

নারীচেতনাবাদের প্রাথমিক পর্যায়ে দেখা গেছে সামাজিক, সাংস্কৃতিক,

রাজনৈতিক ও নান্দনিক প্রতিবেদন, অচঞ্চল-অনড় ধারাবাহিকতার বিরুদ্ধে বিক্ষোভ এবং যথাপ্রাপ্ত পরিস্থিতি সম্পর্কে তীক্ষ্ণ প্রশ্ন উত্থাপন। নারী সম্পর্কে পুরুষতন্ত্রের গড়ে তোলা কিছু কিছু ধারণা, সংজ্ঞা ও সিদ্ধান্তকে তখন প্রত্যাখ্যান করার প্রয়োজন মনে করেছিলেন তাত্ত্বিকরা। তাঁরা বিভিন্ন তত্ত্বের প্রয়োগে দেখতে পেয়েছিলেন আধিপত্যপ্রবণ মানসিকতার উদ্ধত কিংবা বিকৃত অভিব্যক্তি। ফলে তাঁরা নারীচেতনা নিষ্পন্ন সন্দর্ভ, নন্দন ও জীবনসত্যকে গুরুত্বের সঙ্গে মান্যতা দিলেন। পুরুষস্রোতে তৈরি সাহিত্যধারা থেকে স্বতন্ত্র সাহিত্যধারা নির্মাণেও তাঁরা প্রয়াসী হয়েছিলেন। তাছাড়া পুরুষের প্রতিবেদনকে পুনঃপাঠের মধ্য দিয়ে প্রান্তিকায়িত নারীসত্তার আর্তি ও যন্ত্রণা, স্বপ্নভঙ্গ ও পরাজয়, দহন ও অবলুপ্তিকে আবিষ্কার করতে শেখেন ও শেখান অন্তর্ঘাতের কৃৎকৌশলকে কাজে লাগিয়ে। এ প্রসঙ্গে তাঁরা জাক দেরিদার বিনির্মাণবাদ ও জাক লাঁকার আকরণোত্তরবাদকে যথেষ্ট মর্যাদার চোখে দেখেছেন। তাই নারীচেতনাবাদীতত্ত্ব এই দুই তত্ত্বচিত্তাকে সঙ্গে নিয়ে নিজেরই ঋদ্ধি ঘটিয়েছে। এই দৃষ্টিকোণ থেকে সমাজের সর্বত্র ছড়িয়ে পড়েছিলেন নারীরা নিজেদের জন্য নির্দিষ্ট আকরণকে ডিঙিয়ে। যে শিক্ষা ছিল নারীর জন্য নিষিদ্ধ, সেই শিক্ষার আলোকে অনেকেই জয় করে নিতে শিখেছিলেন তাঁদের নিজেদের ইচ্ছাকে, পৌঁছে যেতে পেরেছিলেন আপন আপন গন্তব্যে। রাজনীতি, সঙ্গীত, ক্রীড়া, চলচ্চিত্র, শিক্ষা, সেবা ও ত্যাগব্রত, বিজ্ঞান, সাহিত্য ইত্যাদি নানা ক্ষেত্রে প্রসারিত হয়েছে নারী পরিসর। ফলে আমরা পেয়ে যাই প্রতিভাসম্পন্ন প্রতিভাদেবী সিং পাটিল ও ইন্দিরা গান্ধীর মতো রাজনৈতিক নারীব্যক্তিত্বদের। পাই সঙ্গীত ও ক্রীড়াঙ্গনে লতা মাজেশকর, অনুরাধা পোড়ওয়াল, পি.টি. উষা, সানিয়া মির্জাদের। সেবা ও ত্যাগব্রতের মন্ত্রে দীক্ষিত হয়ে নিজেদের জীবনকে সমাজ কল্যাণের জন্য সমর্পণ করে নারীর ব্যক্তিত্ব ও মহিমময়ী রূপের প্রকাশ ঘটিয়েছিলেন শ্রীশ্রীমা সারদাদেবী, মাদার টেরেসা, রানী রাসমণি, ভগিনী নিবেদিতার মতো নমস্য নারীরা। এমন কোনো দিক নেই যেখানে নারী প্রতিভার, নারী ব্যক্তিত্বের চমৎকারিত্ব ধরা পড়ে না আমাদের সমাজে। ধর্মীয়, সামাজিক, রাজনৈতিক ক্ষেত্রে তো বটেই, মনোরঞ্জনের জগতেও নারীদের সম্মানজনক ব্যক্তিত্ব প্রদর্শনের অবকাশ রয়েছে। চলচ্চিত্র জগতের বিখ্যাত অভিনেত্রী চিরলাস্যময়ী হেমা মালিনী যেমন আছেন তেমনি আছেন পদ্মশ্রী অভিনেত্রী শ্রীদেবী। আবার দেশসেবার ক্ষেত্রে সক্রিয় ভূমিকায় ছিলেন রানী লক্ষ্মীবাই, কনকলতা প্রমুখ নারীগণ। তাঁদের জীবন আজ আর তাদের হয়ে থাকেনি। তাঁদের জীবন হয়ে উঠেছে সকলের জন্য গর্বের আধার। এভাবে প্রসারিত হতে দেখা যায় নারীর পারিবারিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক জীবন। নারী



আজ নিজেকে নিয়ে, সমাজকে নিয়ে ভাবার ক্ষেত্র পেয়েছে। তার চিন্তা চেতনাকে বিজ্ঞানসম্মতভাবে প্রকাশের পথ পেয়েছে। মাটির পৃথিবী ছাড়িয়ে আজ নারী মহাকাশে পাড়ি দিতেও হয়েছে সক্ষম। জীবন-আকাঙ্ক্ষার সর্বোচ্চ বিন্দুটুকুও অনুভব করার, উপভোগ করার তাগিদে তাই কল্পনা চাওলা, সুনীতা উইলিয়ামের মতো নারীরা বিশ্ব পরিচিতি লাভে সমর্থ হয়েছেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় এই, যেখানে নারী আকাশ পর্যন্ত জয় করতে সক্ষম সেখানে নারী হওয়ার দুর্ভাগ্যকে জয় করতে অক্ষম। লিঙ্গবাদী সমাজে পুরুষতান্ত্রিক জঘন্য লালসার শিকার হতে হয় নারীকে আজও বাসে, ট্রামে, রাজপথে, কর্মক্ষেত্রে, পরিবারে-সর্বত্র। পত্র-পত্রিকা-দূরদর্শন ইত্যাদি সংবাদমাধ্যমে চোখ রাখলে দেখা যায় প্রতিদিনই কোথাও না কোথাও ঘটে চলেছে নারীনির্যাতন, নারীধর্ষণ, এমনিক শিশুধর্ষণও। যৌন লালসার শিকার হতে হচ্ছে নারীকে ঘরে বাইরে। স্বেচ্ছাসেবী সংগঠন, নারীবাদী সংস্থা, ধর্মীয় উপদেশ, আইনি ব্যবস্থা সমস্ত কিছুকে বুড়ো আঙ্গুল দেখিয়ে একাংশ ঘৃণ্য ব্যক্তিবর্গ আজও তাদের লৈঙ্গিক প্রতাপের আধিপত্য প্রমাণে সক্রিয় থাকে। প্রতিদিন দেশে-বিদেশে ঘটে যাওয়া নারীধর্ষণ এবং নারীনির্যাতনের ঘটনার পরিসমাপ্তির জন্য আইনি ব্যবস্থা, সমাজ সচেতনতা ইত্যাদির সঙ্গে সঙ্গে নারীর আত্মরক্ষার জন্য সচেষ্টিত হওয়া একান্ত প্রয়োজন। একমাত্র নারী যেদিন নিজেকে নিজে রক্ষার বর্ম পরিধান করতে পারবে সেদিনই নারীনির্যাতনের অবসান হবে। এ কাজের শুভসূচনার ইঙ্গিত পেলাম 'দৈনিক যুগশঙ্খ' পত্রিকায় এক সংবাদ পাঠে। 'হেনস্থা রুখলেন সাহসী দুই কন্যা' শিরোনামের সংবাদটি এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে। সেই দুই কন্যার একজন জাতীয় স্তরের কবাডি চ্যাম্পিয়ন হর্ষাল মোরে। কোচির থানেতে বাস করেন। আর অন্যজন হলেন মহারাষ্ট্রের আদিবাসী অধ্যুষিত ওয়াদা এলাকার এক নাবালিকা। সেই নাবালিকার মার্শাল আর্টস জানা ছিল। ওরা দু'জনেই দুই পরিস্থিতিতে নারীদের উত্যক্ত করতে থাকা যুবক-পুরুষদের বেধড়ক পিটিয়ে উপযুক্ত শাস্তি দিয়েছেন। সংবাদ প্রতিবেদক লিখেছিলেন-

“থানে, কোচি, ৫ এপ্রিল, (সংবাদ সংস্থা) : একজন কবাডি চ্যাম্পিয়ন। অন্যজন নাবালিকা, জানে মার্শাল আর্টস। রাস্তায় তাদের উত্যক্ত করার ফল হাতে নাতে পেল তিন ব্যক্তি। দুই সাহসিনীর হাতে বেদম পিটুনি খেল তারা।”<sup>৪</sup>

সমাজের বিভিন্ন ক্ষেত্রে নারীর দ্বৈত রূপ লক্ষ্য করা যায়। সাহিত্যও এক্ষেত্রে ব্যতিক্রম নয়। সাহিত্যে নারীর কথা, নারীর ভাষা, নারীর জন্য লেখা, নারীর হয়ে লেখার ক্ষেত্র প্রসারিত করতে তরঙ্গ উঠেছে। পুরুষতান্ত্রিক সমাজের

পাঠকৃতিতে তাঁরা আর নিঃশ্বাস নিতে পারছিলেন না ভালোভাবে। তাই তাঁরা চেয়েছিলেন নিজেদের মতো করে বাঁচতে, প্রাণ খুলে নিঃশ্বাস নিতে। এমনই মনোভাব নিয়ে কলম ধরেছিলেন অনেকে। আশাপূর্ণা দেবী তাঁদের মধ্যে অন্যতম। তিনি সাহিত্যক্ষেত্রে নারী পরিসরের পরিবর্তন সাধন করলেন। নারীকে নিজের প্রতি হতে থাকা হেনস্থা রুখবার যথাসম্ভব ব্যবস্থা নিজে থেকে করার শক্তিতে বিশ্বাসী করে তুললেন। এরকমই একটি নারীচেতনাস্কুরিত প্রতিবেদন 'জবর দখল'। জ্ঞানপীঠ এবং রবীন্দ্র পুরস্কারপ্রাপ্ত আশাপূর্ণা দেবীর উক্ত উপন্যাসটিতে নারীচরিত্র নির্মিতির মধ্য দিয়ে লিঙ্গবাদী সমাজে নারীর প্রতিষ্ঠাকে আমরা খুঁজে পেতে পারি।

আশাপূর্ণা দেবীর অনেক উপন্যাস রয়েছে। বহুচর্চিত ত্রয়ী উপন্যাস—'প্রথম প্রতিশ্রুতি', 'সুবর্ণলতা', 'বকুল কথা'র মতো বিখ্যাত প্রতিবেদনগুলি। তবে 'জবর দখল' উপন্যাসটিকে বেছে নিলাম কেন? এর দুটো কারণ বিদ্যমান। এক, আশাপূর্ণা দেবীর বিভিন্ন উপন্যাস নিয়ে বিবিধ আলোচনা হয়েছে। হাতে এসেছে তাঁর শতবর্ষ পর্যালোচনা উপলক্ষে তপোধীর ভট্টাচার্য সম্পাদিত 'আশাপূর্ণা : নারী পরিসর' গ্রন্থটি। কিন্তু কোথাও 'জবর দখল'-এর কোনো আলোচনা পেলাম না। তাই অনালোচিত অবজ্ঞায় গ্রন্থটি আমাকে আকর্ষণ করে। দুই, কাহিনীর নায়িকা কালীর অসামান্য বলিষ্ঠ চরিত্র। সে-ই উপন্যাসটির মূল চরিত্র। কালীকে দিয়ে উপন্যাসের শুরু, কালীকে দিয়েই সমাপ্তি টেনেছেন আশাপূর্ণা দেবী। বিচিত্র চরিত্রের ভিড়ে কিংবা ঘটনার ও পরিস্থিতির টালমাটাল অবস্থায় সে হারিয়ে যায় না, বরং একক ঔজ্জ্বল্যে দ্যুতিময়।

কালী এবং তার বাবা ব্রজ কয়াল, এই বাপ-মেয়েতেই তাদের সংসার। একদা ব্রজর সংসারে স্ত্রী, মা, বাবা, ভাই, বোন সকলে ভরপুর ছিল। তারা সবাই মারা গেছে মড়কে। সে অনেকদিনের কথা এবং সেই থেকে ছোট শিশুকন্যাকে নিয়েই তার সংসার। বাবার অতিরিক্ত আদরে আর খাবারের অপরিমিততায় শিশুকন্যাটি সাত সকালেই বাড়-বাড়ন্ত হয়ে ধাড়ি পাহাড় মেয়ে হয়ে উঠেছে। শুধু দৈহিক দিক থেকেই নয়, মৌখিক ভাবেও সে ছিল মুখরা। সেই ছেলেবেলাতেই তার সম্পর্কে পাওয়া যায়—

“লোকে ওই ছোট্ট মেয়েটার মুখে পাকা পাকা কথা শুনে মজা পেত খুব। বাক ফোঁটার কাল থেকেই কালী তার বাপের কথার সঙ্গী, দ্বিতীয় প্রাণী ঘরে না থাকায় মেয়ের সঙ্গেই ছিল তার সব কথা। অতিরিক্ত খেয়ে খেয়ে কালী সাত সকালেই বাড়ন্তও হয়ে উঠেছিল বেশ, আর অতিরিক্ত কথা কয়েকয়ে হয়ে

উঠেছিল  
জন্য ব্রজ  
সমস্ত ভে  
ভেসে এ  
একটি ব  
মতোই  
চটা-ওঠ  
অথচ ক  
টিপ আ  
গলায়  
নারীর চ  
করে, হ  
করতে  
মনকে  
নিঃশ্বাস  
তোমার  
পাহাড়  
অনুসং  
সাহেবে  
কাজ,  
কাজ ন  
ধিঙ্গি  
বেঁধে  
অথবা  
EDUS

ঠেছিল গিন্নী।”<sup>৫</sup>

সেই গিন্নী মেয়েকে বিয়ে থা দিয়ে সত্যিকারের গৃহিণী করে তোলার জন্য ব্রজ পোস্টঅফিসে খাতা খুলে টাকাও জমাতে শুরু করেছিল। কিন্তু সে সমস্ত ভেসে গেল বানে। ভিটেমাটি দোকান-পাট সব ছেড়ে ছুড়ে বন্যায় ভেসে এলে উঠেছিল বীরভূম জেলার খুঁটিগাড়া গ্রামে। আশ্রয় পেয়েছিল সেখানকার একটি ঝুপড়িতে। ঝুপড়িগুলোতে মানুষ বাস করলেও এগুলি পাখির বাসার মতোই ভাঙা ক্যানেক্সা, কাঁটা বাঁশ, ছেঁড়া চট, কাঠি-খসা মাদুর, মচকানো ঝুড়ি, চটা-ওঠা রবার ক্লথ, উলিডুলি ক্যান্সিসের টুকরো ইত্যাদি কুড়োনো মালে বোঝাই, অথচ কালী এর মধ্যে বসেই চুলে ‘ভাবন’ করে, মুখে পাউডার মাখে, কপালে টিপ আঁকে, পায়ে আলতা লাগায়, সায়া-ব্লাউজের উপর শাড়ি পেঁচিয়ে পরে। গলায় পুঁতির মালা ও খোঁপায় ফুল লাগিয়ে শৃঙ্গার করে। বর্তমান পরিবেশে নারীর চালচলনে কোন বাধ্যবাধকতা নেই কালী তা জানে।

ব্রজর আদি বাড়ি ছিল মেদিনীপুর। সেখানকার স্মৃতি ব্রজকে ব্যথিত করে, হতাশ করে। বাবাকে হতাশ বা নিরাশ হতে দেখলে কালী মোটেই সহ্য করতে পারে না। তবু সহানুভূতি দেখায় না, বাবাকে সান্ত্বনা দেয় না। বাবার মনকে দুর্বল না করে শক্ত হয়ে ওঠার জন্য শাসিয়ে বলে—

“খবরদার বলে দিচ্ছি বাবা, তোমার ওই বাপ-পিতেমোর ভিটের জন্যে নিঃশ্বেস ফেলবে নি, আর কি ছিল, কি ছিল বলে হায় হায় করবে নি, মনে কর তোমার কিছু ছেল না। এই মান্ডর পৃথিবীতে এসে পড়লে তুমি একটা ধাড়ি পাহাড় মেয়ে ঘাড়ে করে।”<sup>৬</sup>

কালীর এই শাসানিতে কাজ হয়, ব্রজ ঘুরে দাঁড়ায়, নিজের ও মেয়ের অনুসংস্থানের কাজে লাগে। ‘জব ওয়ার্ক’ করে, আয় ভালোই হয়। কখনো গার্ড সাহেবের ফরমাস খাটা, কখনো স্টেশন মাস্টারের, কখনো টিকিট বাছাইয়ের কাজ, কখনো ইঞ্জিনের কয়লা এগিয়ে দেওয়া ইত্যাদি করে ব্রজ। বাঁধা মাইনের কাজ না করলেও তার ভালই চলে। তবে এই সমস্ত কিছুর পেছনে রয়েছে তার ধিস্রি মেয়ে কালী। লেখিকা বলেন—

“সর্বস্বান্ত ব্রজ কয়াল আবার যে এখন বুকে বল, আর কোমরে গামছা বেঁধে পেটের ভাতের জোগাড় করছে, সে শুধু ওই মেয়ের শিরদাঁড়ার জোরে, অথবা বলতে পারা যায় তার বাক্যের জোরে।”<sup>৭</sup>

বাক্যের জোরে অনেক কিছুই করেছে কালী। বিনা টিকিটে রেলগাড়ি

চড়ে এখান থেকে ওখানে যাওয়া, টিকিট চেকারের মোকাবিলা করা, আইনি-বেআইনি বিষয় চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেওয়া, সাহস দেখিয়ে সত্য বলা ইত্যাদির জন্যই কালী নিজের অবস্থানকে স্বতন্ত্র বলে চিহ্নিত করতে পেরেছে।  
লেখিকা জানান—

“এই কালী।  
কাজেই এই 'বুঝড়ি নগরে'ও আপন খ্যাতি বিস্তার করতে বেশীদিন সময় লাগেনি তার।

কালী এখন সর্বজন পরিচিতা।”  
এই পরিচিতি অর্জনে কালীর বেশিদিন ব্যয় করতে হয়নি। নতুন জায়গায়, নতুন পরিবেশে কালী ও তার পিতার সংসারে কে যে 'কর্তা' তাই বুঝে ওঠা যায় না। সব বিষয়ে কালীর সচেতনতা, কর্মক্ষমতা, সাহস, দৃঢ়তা, যুক্তিনিষ্ঠা কালীকে সাধারণ নারীর থেকে স্বতন্ত্র বলে চিহ্নিত করেছে। তাই পাওয়া যায় দ্বিধাপূর্ণ বয়ান—

“বাড়ির আসল কর্তা কে, ব্রজ না কালী, এ বিষয়ে আশপাশের বাসিন্দাদের সংশয় আছে।”

পুরুষতান্ত্রিক সমাজে পুরুষেরাই বাড়ির কর্তা হয়ে থাকেন। কিন্তু এখানে কালী কর্তা হতে পারে বলে যে সংশয় প্রকাশ হচ্ছে সেখানেই নারীর নিজস্বতা, নারীর চেতনার স্ফুরণ ঘটেছে। ভাষা ব্যবহারের ক্ষেত্রেও লক্ষ্য করা যায় একজন পুরুষ যে সকল বাক্য ব্যবহার করতে পারে, কালীও পারে তা। লেখিকার কালীকে নিয়ে এভাবে এগিয়ে চলা স্বাভাবিক ভাবেই নারীচেতনাবাদে উদ্বুদ্ধ নারীপরিসরকেই সামনের পানে এগিয়ে নিয়ে যাওয়া।

আশাপূর্ণা দেবীর বহু উপন্যাসে মধ্যবিত্ত একান্নবর্তী পরিবার এবং তাতে স্থিত নারীবিশ্বের পরিচয় পাওয়া যায়। কিন্তু এই উপন্যাসটির কাহিনীতে ভিন্নতা রয়েছে। এখানে কখনও ইঙ্গিতে কখনও স্পষ্টতই দু'টি সমাজের ছবি ফুটে উঠেছে। ব্রজদের অতীত সমাজবাস্তবতা এবং বর্তমান সমাজবাস্তবতায় মানুষের অবস্থান দেখিয়েছেন লেখিকা। বিশেষ করে সমাজবাস্তবতায় নারীর স্বতন্ত্র অবস্থান তাঁর চিন্তার বিষয়। তিনি নারীকে দিয়েই বুঝিয়ে দেন দুই সমাজ পরিবেশের পার্থক্য প্রতীতিকে। ভিটে মাটি ছেড়ে আসা বাবার স্মৃতি উদ্বেল ভাবকে তাড়ানোর জন্য কালী বলে—

“এখানে তোমার বেঁচে থাকার টেকসো খাজনা নেই। আর দেশে-গাঁয়ে

উঠতে বসতে টেকসো। জগৎ-সংসারে যে যেখানে আছে তাদের মান রাখ আর হাত জোড় করে থাক, ওই বুঝি কার গৌসা হল, ওই বুঝি কার ক্রোধ হল। ... এখানে তোমায় কেউ ধিক্ দিতে আসছে- ব্রোজো তুই এখনো মেয়ের বে দিলিনে? খাড়ি-ধিঙ্গী মেয়ে নিয়ে এখনো বসে আচিস?"<sup>১০</sup>

বিয়ে দিতে না পারলে সমাজের কটাক্ষ সহ্য না খুঁটিগাড়া গ্রামে। তাছাড়া এখানে আপন মনে সাজসজ্জাও করা যায়, যা মেদিনীপুরের পরিবেশে ছিল নিন্দার-

“খোঁপায় ফুলটা কালী এই বীরভূমে এসে শিখেছে। দেশে থাকতে এ সাজ ছিল না, ওতে নিন্দে ছিল।”<sup>১১</sup>

কালী চরিত্রটিকে নিজের মতো করে প্রকাশ করার জন্য স্থান পরিবেশ বদলের প্রয়োজন পড়েছিল লেখিকার। কালীদের পূর্ব পরিবেশে যে তা সম্ভব ছিল না লেখিকা তা পাঠকের অবগতির জন্য জানিয়েও নিয়েছেন এভাবে। নারীকে প্রতিষ্ঠার জন্য, নারীকে নারী থেকে মানুষ হয়ে ওঠার জন্য তার সমাজ পরিবেশের বদল যে অবশ্যই প্রয়োজন এই ব্যঞ্জনাময় বার্তাটি আমরা এখানে পাই। স্থানান্তরের মাধ্যমে এ কাজ আলোচ্য উপন্যাসে সাধিত হলেও মূলত তা সমাজ পরিবেশের যথাস্থিত অবস্থানকে পরিবর্তনের সুরেই গৌথে দেওয়া হয়েছে।

নারীর কলমে নারীর নিজস্বতাকে কতদূর সাবলীলভাবে ধরা যায় আশাপূর্ণা দেবী তা দেখিয়েছেন। নায়িকা কালীকে ঘিরেই কাহিনী আবর্তিত হয়েছে। তার শারীরিক উপস্থিতি কিংবা অনুপস্থিতিতেই অন্য সকল চরিত্র উঠে এসেছে। খোলামেলা স্বভাবের কালীর যা মনে, তা মুখে। লেখিকা নিজে থেকে বিশ্লেষণ করে করে যেমন এঁকেছেন তাকে, তেমনি, তার ক্রিয়া-প্রতিক্রিয়ার দ্বৈততাকেও স্পষ্ট করেছেন প্রতিবেদনে। 'ডোন্ট কেয়ার' ভাবটা কালী চরিত্রের এক বিশেষ দিক। রাগলে সে অনায়াসে বাবাকে নাম ধরে ডাকতে পারে, আবার বাবার সম্পর্কে কেউ অবজ্ঞাপূর্ণ কথা বললে তাকেও ছেড়ে কথা বলে না। মস্তান মার্কা পবন আর শয়তানী বুদ্ধিতে পটু জগৎ সাহা সে ক্ষেত্রে তার কাছে সমান। পবনকে যেমন শাসিয়ে রাখে-

“আবার বাবাকে যদি কোনদিন একথা বলবি, তোর সঙ্গে হয়ে যাবে।”<sup>১২</sup>

তেমনি জগৎ সাহা তার বাবার নাম ধরে বললে কড়া গলায় বলে-

“আপনি আমার বাবার নাম ধরে বলছেন যে?... ভদ্রলোক ভদ্রলোককে

বাবুই বলে ।

ছোটলোকের কথা আলাদা ।<sup>১০</sup>

'ছোটলোক' কথাটার উপরে জোর দিয়ে কালী জগৎ সাহার পরিচিতিকেই স্পষ্ট করে । তাছাড়া দেখতে পাই-

“একশো পুরুষের মাঝখানে বসে আড্ডা দিতে পারে কাণ্ডী আর একটা পুরুষের মত! ব্রজ কয়াল তো নিজেই ওই ডাকাবুকো মেয়ের ছত্রছায়ায় থাকে ।”<sup>১১</sup>

কিন্তু তাই বলে কালী নির্দয় নয়, সে তার বাবা এবং পবন দুইয়ের ভালোর জন্যই চিন্তা করে । বাবার আনন্দের জন্য সার্ট কিনে আনে, বাবাকে পূর্বস্মৃতিচারণ থেকে সরিয়ে এনে বর্তমান পরিস্থিতির সঙ্গে সানন্দে খাপ খাইয়ে নেবার কথা বলে । আবার হিম লেগে পবনের শরীর খারাপ হবে বলে কড়া হুকুম করে হাট থেকে 'সুয়েটার' কিনে আনার জন্য । ভালোবাসা, আনন্দ, সহজতার মতো স্বাভাবিক সুকুমার প্রবৃত্তিগুলিও তার চরিত্রের মাধুর্যকে বর্ধিত করে ।

কোমলে-কঠোরে গড়া কালীর মনটি ছিল উদার, বৃহৎ ও মহৎ । সে সংকীর্ণ নোংরা খুঁটিগাড়া গ্রামের রুপড়িতে বাস করেও বৃহত্তর জগতে পাড়ি দিতে চায় । তার মন অনেক দূরে কোথাও ভেসে যেতে চায়, দূর অরণ্যের আঁগ নিতে চায়, দূর আকাশের তারা গুনতে চায় । সমুদ্রের স্বপ্ন দেখে সে । আর সেই স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য সে পবনকে স্বতন্ত্র ব্যবসা করার উৎসাহ ও পরামর্শ দেয় । সে চায় পবন তাকে বিয়ে করার আগে বোলপুরে নিজস্ব দোকান খুলুক, দাদা-বৌদির সংসার থেকে মুক্তি পাক । মুখকাটা কালী সাফ জানিয়ে দেয় পবনের বৌদির সঙ্গে এক সংসারে তার থাকা হবে না । কিন্তু বয়স কারোর জন্য অপেক্ষা করে থাকে না । বয়স যখন অনেকটাই পেরিয়ে যাচ্ছিল তখন কালীর এই আধুনিক যুক্তিনিষ্ঠ নারীমনকে আর বুঝেও বুঝে উঠতে পারছিল না পবন । কিছুটা বিরক্ত হয়েই সে কালীকে বলে-

“তোর যে আবার ওই এক বায়নাঝা । বাপের কালে শুনি নি শহর বাজারে দোকান দিতে না পারলে পুরুষের বিয়ে হয় না ।<sup>১২</sup> কালীর এই বায়নাঝা যে খামখেয়ালী নয়, জীবনের প্রতি পদক্ষেপে এর যে প্রয়োজনীয়তা রয়েছে তা ভালোভাবেই জানে কালী । তাই সে গম্ভীরভাবে নিজের মনোভাব ব্যক্ত করে-

“দোকানের কথা নয় পবন, ওটা উপলব্ধি, নিজের পায়ে দাঁড়ানোর দরকার, সেটাই হচ্ছে কথা । দাদা-বৌদির সংসারে যে কেমন থাকিস তা তো

আর আমার জানতে বাকি নেই। এখন তোর সঙ্গে গিয়ে চাকরের বৌ চাকরানী হয়ে থাকতে হবে, এছাড়া আর কিছু না। কালীর দ্বারা ও পোষাবে নি, এই আমার সাদা বাংলা।”<sup>১৬</sup>

কালীর চারিত্রিক দৃঢ়তা, স্পষ্টবাদিতা ও আত্মসম্মানবোধ আমাদের সচকিত করে। উপন্যাস দেহের সর্বত্র কালীর চেতনাসজ্জাত সুস্থ স্বচ্ছ প্রকাশে পাঠক আকর্ষিত হয়।

আধুনিক যুক্তিনিষ্ঠ, বুদ্ধিদীপ্ত, সাহসী, সপ্রতিভ নারী কালী। সে আত্মসচেতন। ঝুপড়িতে বাস করেও মনের তাগিদে গাঁইয়াপনা, শহুরেপনা ও ছোটলোক ভদ্রলোকের কথাবার্তার তারতম্য বুঝতে পারে। কথার মাঝে মাঝে সঠিক স্থানে ইংরেজি শব্দ ব্যবহার করা, জীবনযাপনের রুচিসম্মত শৈলী ইত্যাদি সম্পর্কেও সে অবগত। সবচেয়ে বেশি অবগত আর সচেতন 'মানুষ' জাতটার মত দেখতে শেয়াল-কুকুর সম্পর্কে। যারা সমাজে হয়তো বিশিষ্ট ব্যক্তিত্ব কিন্তু কালীর দৃষ্টিতে তারা পুরুষতান্ত্রিক সমাজের লৈঙ্গিক প্রতাপের প্রতিভূ। মালবাবু জগৎ সাহা, ডাক্তার বটুকে সে চেনে ও জানে। সুযোগ পেলেই জগৎ সাহা কালীকে জ্বালাতন করে। ব্রজর ঘরে ফিরতে রাত হবে, কালী একা আছে জেনে জগৎ চুপি চুপি সেখানে এসে ওঁৎ পেতেছে। কালীকে দেখতে পেয়েই ব্যঙ্গের হাসি হাসে। কালীর হাড় জ্বলে যায়, গা-টাও ছমছম করে ওঠে। কিন্তু প্রত্যুৎপন্নমতি কালী সেই ছমছমানিকে প্রশ্রয় না দিয়ে কায়দা করে পিছিয়ে পরিস্থিতির উপযোগী হয়ে ওঠে। আত্মস্থ হয়ে উদ্ধত গলায় জগৎ সাহার এখানে আসার কারণ জানতে চায়। জগৎ সাহা কুৎসিত ভঙ্গি আর নোংরা হাসির সঙ্গে কাশি মিশিয়ে বলে—

“একটু আগলাতাম। দিনকাল তো ভাল নয়। ভয় খেতে পারিস।”<sup>১৭</sup>

কিন্তু কালী মনে ভয় পেলেও বুকে বল মুখে তেজ দেখায় এবং জানিয়ে দেয় ভয় পাওয়ার কিছু নেই। টাঙি, কাঠ কাটার দা, মাছ কাটার বাঁটি আর হাঁড়িতে গরম জল সবই রয়েছে। যে কেউ আসুক সে তার উপযুক্ত ফল পেয়েই যাবে। লুদ্ধ পুরুষ মালবাবু তাকে বাগে আনতে পারে না, উল্টো নিজেই ভয় পেয়ে চলে যায়। লৈঙ্গিক পীড়নের সাধ নিয়ে এসেছে মালবাবু, কিন্তু কালীর মুখের তোড়ের কাছে শুধু আজীবনে দুটো কথায় মন ভিজিয়ে চলে যেতে বাধ্য হয়।

কালীর মত দস্যি বেপরোয়া মুখরা যথেষ্ট বিহারিণী বেওয়ারিশ মেয়ের দিকে বটু ডাক্তারেরও নজর আছে। কিন্তু কালী আত্মরক্ষার সমস্ত রকম ব্যবস্থা

করে রাখে বলে তার দিকে হাত বাড়ানোর সাহস করতে পারে না। দুঃস্থবুদ্ধি, কুরুচিপূর্ণ যৌনলালসা তাড়িত পুরুষদের ব্যর্থকাম করে কালী তার ক্রিয়া-প্রতিক্রিয়ার মধ্য দিয়ে। লেখিকা সবিশেষ যত্ন নিয়ে চরিত্রটিকে সবদিক থেকেই অনন্য করে তুলেছেন। এই অনন্য চরিত্রটির বিয়ের পর্বে প্রবেশের পূর্বে 'কনে দেখার' ব্যাপারটিও লেখিকা একটু স্বতন্ত্র করে তুলে এনেছেন। কনে দেখার প্রচলিত রীতিকে উপড়ে ফেলে দিয়েছেন। কালীর মতো মেয়েকে আর পাঁচটি মেয়ের মতো জড়োসড়ো ভাবে চুপটি করে বরপক্ষের সামনে বসিয়ে দেওয়া যেন কোনভাবেই সাজে না। লেখিকা তাই তাকে বরের সামনে নিয়ে আসার প্রেক্ষাপটটিও তৈরী করেছেন সেভাবেই। সে কিছুই জানে না। মানিয়মান সুদাম নস্কর তার বাবার দেশের লোক, সেই সুবাদে তাদের এখানে এসেছে। আসার সময় সঙ্গে করে নিয়ে এসেছে মিষ্টি, ব্রজ লজ্জিত হয়। কিন্তু কালী তাতে লজ্জাবোধ করে না, বরং সুদাম নস্করের বিচক্ষণতার প্রশংসা করে সে বলে—

“ছি: দেবার কিছু নেই বাবা। উনি বিচক্ষণ ব্যক্তি, জানেন গরীবের সংসারে হঠাৎ গিয়ে পড়লে তারা অতিথিকে নিয়ে দিশেহারা হবে, তাই ব্যবস্থা সঙ্গেই নিয়ে এসেছেন।”<sup>১৮</sup>

এরকম সপ্রতিভ কালীকে দেখে নস্করের ভালই লাগে। তার মায়ের সংসারটাকে, এমনকি নিজেকেও সুদাম কারোর হাতে তুলে দিয়ে নিশ্চিত হতে চায়। আর কালীকে প্রথম দেখাতেই সে বুঝে নেয় কালীর দ্বারাই তা সম্ভব। কারণ তার কল্পনায় এমন 'দীর্ঘাঙ্গী দৃগুদীপ্ত' একটি মূর্তিই ছিল। আশাপূর্ণা দেবী কালী চরিত্রটি অত্যধিক মনোযোগ সহকারেই এঁকেছেন। লেখিকার সৃষ্ট নারীচরিত্র সর্বত্রই দীপ্ত হয়ে ওঠে, তথাপি কালীর সমগোত্রীয় চরিত্র যেন খুব কমই আছে।

সমস্ত উপন্যাস জুড়ে কোথাও আমরা কালীকে বিচলিত হতে দেখিনি। দৃঢ়চেতাকালীকে এক জায়গায় শুধু একটু দ্বিধান্বিত দেখি। প্রত্যেক মানুষের জীবনেই কোন না কোন মোড়ে দ্বিধান্বিত হতে দেখা যায়, কালীর ক্ষেত্রেও তা হয়েছে। আর সেই দ্বিধাকে কাটিয়ে তার কাছে যা সঠিক লেগেছে, তার মন-বুদ্ধি-যুক্তি যাতে সায় দিয়েছে, সে তা-ই করেছে। পবন তার ভালোবাসার পাত্র, অথচ পবন সম্পর্কে ভাবতে গেলে সে তাকে 'ছেলেটাই' মনে করে। নিজের থেকে চার বছরের বড় পবনকে তার 'ছেলে মানুষ' বলেই মনে হয়। ফলে সে বুঝতে পারে না তার জীবনে পবনের মূল্য কতটুকু। আত্মবিশ্লেষণ করে নিজের ভালোবাসার গভীরতা মাপতে চায় কালী। কিন্তু কোনো সদুত্তর পায় না। পবনের



ভালোবাসার তীব্রতাকে সে দুরন্ত ছেলের বায়না বলে মনে করে। সুদামের সঙ্গে কালীর বিয়ে যখন ঠিক হয়ে যায়, তখন গায়ে হলুদের দিন পবন সুদামের মাথা ফাটিয়ে দেয়। জেলে যায় পবন আর সুদাম হাসপাতালে। এরপর সুদামএ বিয়েতে রাজী হবে কিনা, ব্রজ একথা বললে কালী বিচিত্র একটু হেসে জানায়—

“সুদাম রাজী হলেও তোমার মেয়ে আর রাজী হতে পারছে কই বাবা! যে হতভাগা আমার জন্যে খুন করে ফাঁসি যেতেও প্রস্তুত, তোমার মেয়ে তাকে একটু বিয়ে করে কেতার্ঘ্য করতে পারবে না?”<sup>১৯</sup>

পবনের প্রতি দ্বিধাশ্রস্ত মনোভাবের পরিবর্তন ঘটে তার ভালোবাসার তরঙ্গে। আর সেখানে সঠিক সিদ্ধান্ত নেয়। নিজের জীবনের এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সে নিজেই নেয়। কারোর চাপ বা ইচ্ছার কাছে কালী নিজেকে বলি দিতে পারে না। তার বিবেক, তার সততা অটুট। কালীর জীবন অধ্যায়ের পর্যায়ে পর্যায়ে রয়েছে নানা বিভঙ্গ, রয়েছে নারী চেতনার বিচিত্র অভিব্যক্তির স্বতঃসিদ্ধ প্রকাশ। লিঙ্গ ভিত্তিক সমাজে নারীর এই প্রকাশমানতা নিঃসন্দেহে ঔপন্যাসিকের বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচায়ক। লিঙ্গ ও নারীবাদী প্রেক্ষিতে উপন্যাসটিকে আলোচনা করে সংশয়মুক্ত হয়েই বলা যায় যে আলোচ্য উপন্যাসটি নারীচেতনাবাদের ক্ষেত্রকে আরো প্রসারিত করে নিয়ে যাওয়ার পথে এক মাইলস্টোন। বাড়ির কর্তা হওয়া, ছত্রছায়ায় কাউকে রাখা, প্রতিকূল পরিবেশে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ, শয়তানদের সায়েস্তা করা ইত্যাদি সাধারণত পুরুষদের একচেটিয়া অধিকার বলে মনে হয়, কিন্তু ‘জবর দখল’-এর নায়িকা এ সমস্ত কিছুই করে গেছে অবলীলায়। সে তার অধিকারকে ছিনিয়ে নিয়েছে পুরুষতন্ত্রের আমলাদের কাছ থেকে। নারীর নিজস্ব অধিকার আদায় করে আপন স্বরূপের প্রতিষ্ঠায় উপন্যাসটি অনবদ্য।

আকর গ্রন্থ :

জবর দখল : আশাপূর্ণা দেবী

সহায়ক গ্রন্থ :

- ১) আশাপূর্ণা- নারী পরিসর: সম্পাদক তপোধীর ভট্টাচার্য
- ২) প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব: তপোধীর ভট্টাচার্য
- ৩) নারীচেতনা: মননে ও সাহিত্যে: তপোধীর ভট্টাচার্য
- ৪) কথাসাহিত্যে নারী পরিসর ও অন্যান্য: রামী চক্রবর্তী

## সূত্র নির্দেশ :

১) বাংলায় নারীমুক্তি আন্দোলন এবং শ্রীশ্রীমা সারদাদেবী: সুস্মিতা ঘোষ, উদ্বোধন কার্যালয়, কলকাতা-৩, প্রথম সং : ২৯ ডিসেম্বর ১৯৯৯, ষষ্ঠ পুনর্মুদ্রণ, আগস্ট ২০০৯, পৃ-২

২) তদেব, পৃ-৩

৩) প্রতীচ্যের সাহিত্যতত্ত্ব : তপোধীর ভট্টাচার্য, অমৃতলোক সাহিত্য পরিষদ, মেদিনীপুর, ৭২১১০১, প্রথম প্রকাশ : জানুয়ারী ১৯৯৭, পৃ ১১৯।

৪) দৈনিক যুগশঙ্খ-শিলচর, গুয়াহাটি ও ডিব্রুগড় থেকে একযোগে প্রকাশিত, শিলচর, শনিবার, ৬ এপ্রিল ২০১৩। পৃ : ৭, VOL. 18, ISSUE 328.

৫) জবর দখল আশাপূর্ণা দেবী, ভবানী পাবলিশিং কনসার্ন, ১ এইচ, রাধানাথ মল্লিক লেন, কল-১২, প্রথম প্রকাশ জ্যৈষ্ঠ ১৩৮৮, পৃ ৩।

৬) তদেব

৭) তদেব

৮) তদেব, পৃ ৫

৯) তদেব, পৃ ১

১০) তদেব, পৃ ৭

১১) তদেব, পৃ ১

১২) তদেব, পৃ ৭

১৩) তদেব, পৃ ১৬

১৪) তদেব, পৃ ৭

১৫) তদেব, পৃ ১১

১৬) তদেব, পৃ ১১

১৭) তদেব, পৃ ১৭

১৮) তদেব, পৃ ৩৪

১৯) তদেব, পৃ ৪৬।



# WEST WIND



Session  
2019-20 & 2020-21

A Magazine of  
**West Silchar College**  
P.O. Barjatrapur, Cachar, Assam.

# শিক্ষার মাধ্যমে হিসাবে মাতৃভাষার স্থান

রিনি বেগম লস্কর

সহকারী অধ্যাপিকা (সিনিওর গ্রেড)

বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ

মানুষের সর্বাঙ্গীণ আত্মবিকাশ ঘটে মাতৃভাষার মাধ্যমে। তাই শিক্ষার মাধ্যম হিসাবে মাতৃভাষার গুরুত্ব সকল শিক্ষাবিদই একবাক্যে স্বীকার করেন। ভাবের আদান-প্রদানের মন্ত্রই হচ্ছে ভাষা অর্থাৎ ভাষা হল ভাবের বাহক। ভাষা ছাড়া চিন্তা জন্ম নিতে পারে না। তাই শিক্ষা ও সংস্কৃতির জগতে মাতৃভাষার প্রধান ভূমিকা আছে।

মুদ্যালিয়ন কমিশনের (১৯৫২-৫৩) মতে, একজন ভালো শিক্ষক মাতৃভাষার মাধ্যমে ছাত্রদের সুস্পষ্ট ভাবে চিন্তা করার শিক্ষা দিতে পারেন। তিনি ছাত্রদের মধ্যে সাহিত্যরস আন্বাদনের ক্ষমতা ও উন্নত রুচিবোধ সৃষ্টি করতে পারেন।

মাতৃভাষার সঙ্গে আছে সকলেরই গভীর প্রাণের যোগ। জন্মের পর থেকে শিশুর দৈহিক বিকাশ যেমন ঘটে আলো-হাওয়া, জল আর প্রাকৃতিক পরিবেশের মধ্যে তেমনিই মানসিক বিকাশ ঘটে মাতৃভাষার মাধ্যমে। মাতৃভাষা তাই শিক্ষার্থীর জীবনে এক অপরিসীম প্রভাব বিস্তার করে থাকে। পৃথিবীর সমস্ত চিন্তাশীল দেশ মাতৃভাষার মাধ্যমে সর্বস্তরের শিক্ষাবিস্তারের প্রয়োজন বোধ করছে।

বর্তমান যুগে পৃথিবীর বিভিন্ন দেশেও শিক্ষার মাধ্যম হিসাবে মাতৃভাষাকে গুরুত্ব দেওয়া হয়েছে। এর প্রধান গুণ হলো মাতৃভাষার মাধ্যমে ছাত্ররা যে শিক্ষা লাভ করে তা দিয়ে তাদের প্রকৃত মানসিক ও বৌদ্ধিক বিকাশ ঘটানো সম্ভব। মাতৃভাষাকে আশ্রয় করেই ছাত্রদের চিন্তা ও কল্পনাশক্তির বিকাশ ঘটে। তাই মাতৃভাষার মাধ্যমে শিক্ষার সুযোগ পেলে ছাত্ররা তাদের অর্জিত জ্ঞানকে বাস্তব জীবনে প্রয়োগ করতে পারবে। বিদেশী ভাষার মাধ্যমে শিক্ষা গ্রহণ করার সময় ছাত্রদের মুখস্থ বিদ্যার আশ্রয় নিতে হয়। এতে পরীক্ষায় সাফল্য হয়তো অর্জন করা যাবে কিন্তু অর্জিত বিদ্যাকে বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করা যাবে না। একথা স্বীকার্য যে মাতৃভাষার ভিত্তি সুদৃঢ় হলে তবেই অন্যান্য বিষয় শিক্ষার পথ সুগম হয়। শিক্ষার উদ্দেশ্য যদি হয় জীবন গঠন ও আত্মবিকাশ, তবে সেই বহুসময় ব্যাপী আয়াসসাধ্য ও জটিল প্রক্রিয়াটি সর্বাধিক সার্থকতার সঙ্গে সাধিত হতে পারে একমাত্র মাতৃভাষার সাহায্যেই। মাতৃভাষা মানুষের কাছে শ্বাসবায়ুর মত স্বাভাবিক বলেই তা যথার্থ রূপেই জ্ঞান-বিজ্ঞান ও মানব-জীবন-সাধন লব্ধ সত্যের শ্রেষ্ঠ প্রকাশ মাধ্যম ও বাহক হতে পারে। পাঠ্যপুস্তকে মাতৃভাষার প্রবর্তন যে শুধু শিক্ষা ব্যবস্থাকে জটিলতামুক্ত করে তাই নয়; এই ব্যবস্থা জাতীয় সংস্কৃতির উদ্বোধক ও পরিপোষক। পৃথিবীর প্রত্যেক দেশেই মাতৃভাষার সাহিত্য তার শ্রেষ্ঠ সংস্কৃতিক পরিচয়কে বহন করে।

ভাষা ও সাহিত্যের মধ্য দিয়েই মানুষের সর্বাঙ্গীণ ও শ্রেষ্ঠ আত্মপ্রকাশ। আর এই আত্মপ্রকাশকে সার্থক করে তুলতে হলে মাতৃভাষাকে আন্তরিক ও সর্বাঙ্গীণ জাতীয় প্রচেষ্টার দ্বারা পরিপুষ্ট করে তুলতে হবে। জীবনের ব্যবহারের ব্যাপকতার মধ্য দিয়েই কাজটি উত্তমরূপে সম্পন্ন হতে পারে।

সমগ্র শিক্ষাধারার মধ্যে মাতৃভাষার স্থানটি যদি হয় যথা র্থ গৌরবের তবেই তা জাতীয় মর্মমূ লকে আশ্রয় করে এক কালাতীত ঐশ্বর্য লাভ করতে পারে। মাতৃভাষার ব্যবহার যে বিষয়ের পঠন পাঠন এবং চর্চা ও উপলব্ধিকেই সহজ করে তোলে এবং সেই সহজতা অপর বিষয় শিক্ষার মধ্যে ও সংঘলিত হয়ে শিক্ষার্থীর শিক্ষা বিষয়ক বিরূপতাকে দূর করে - সে সত্যকে উজ্জ্বলরূপে হৃদয় মধ্যে প্রতিষ্ঠিত করে - তারই আলোকে শিক্ষার পথে অগ্রসর হতে হবে। মানুষের

স্বদেশী সংস্কৃতি ও সভ্যতার সঙ্গে আন্তরিক পরিচয় গড়ে ওঠে মাতৃভাষার মাধ্যমে কারণ, মাতৃভাষা যেমন আত্মপ্রকাশের সহায়ক, তেমনই আত্মোপলব্ধির ও শ্রেষ্ঠ মাধ্যম। মানুষের মননশীলতা গড়ে মাতৃভাষাকে কেন্দ্র করেই। আর বাঙালি হিসাবে সাহিত্য পাঠের চরম আনন্দ লাভ করতে হলে তাই বাংলাকেই অবলম্বন করতে হবে।

এ যুগের অন্যতম শ্রেষ্ঠ শিক্ষাবিদ রবীন্দ্রনাথ ঠাকুর মাতৃভাষার মাধ্যমে শিক্ষাদানের প্রয়োজনীয়তার কথা বলতে গিয়ে বলেছেন, ‘মাতৃভাষা মাতৃদুগ্ধ স্বরূপ’ অর্থাৎ মাতৃভাষাকে মাতৃদুগ্ধের সঙ্গে তিনি যথার্থ ভাবেই তুলনা করেছেন। শিক্ষার্থীর আত্মপ্রকাশের সবচেয়ে সহজ ও স্বাভাবিক মাধ্যম হলো তার মাতৃভাষা। শিক্ষার্থী মাতৃভাষার মাধ্যমেই শিক্ষণীয় বিষয়গুলো সহজে আয়ত্ত্ব করতে পারে। কাজেই মাতৃভাষার পরিবর্তে একটি বিদেশী ভাষাকে শিক্ষাদানের মাধ্যম করা হলে শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের পথে এক গুরুতর বাধার সৃষ্টি হবে। তাছাড়া বিদেশী ভাষার মাধ্যমে শিক্ষার্থী যে শিক্ষা গ্রহণ করে তা সে পরিপূর্ণভাবে হৃদয়ঙ্গম করতে পারে না বলে বাস্তবক্ষেত্রে সে তার প্রয়োগ ও ঘটাতে পারে না। তাই বলা বাহুল্য যে, মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম করা হলে সে শিক্ষা কেবল পুঁথিগত বিদ্যাচর্চার মধ্যে সীমাবদ্ধ না থেকে তা বৃহত্তর সমাজ জীবনের সঙ্গে যুক্ত হবে।

মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দান করলে ছাত্রদের চিন্তাশক্তি, কল্পনাশক্তি ছাড়া ও বিচারশক্তি, বুদ্ধিবৃত্তি প্রভৃতি মানবিক গুণ বা শক্তিগুলির যথাসম্ভব বিকাশ ঘটে। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর ‘বিবিধ প্রবন্ধ’ গ্রন্থের অন্তর্গত ‘শিক্ষার হেরফের’ নামক প্রবন্ধে বলেছেন – “চিন্তাশক্তি ও কল্পনাশক্তি জীবনযাত্রা নির্বাহের পক্ষে দুইটি অত্যাবশ্যক শক্তি, তাহাতে সন্দেহ নাই অর্থাৎ যদি মানুষের মত মানুষ হইতে হয় তবে এই দুইটি পদার্থ জীবন হইতে বাদ দিলে চলিবে না। ----- একথা অতি পুরাতন।”

তাই একমাত্র মাতৃভাষার মাধ্যমে চিন্তা ও কল্পনার পাঠ উৎকৃষ্ট চর্চা করা সম্ভব।

অতএব পরিশেষে বলা যায়, মাতৃভাষা কেবল মানুষের ভাবপ্রকাশের, সামাজিক আদান-প্রদানের ভাষাই নয়, সাহিত্য সৃষ্টির মাধ্যম হি সাবেও সহায়ক। মানুষ সৌন্দর্য প্রিয়। মানুষের সৃজনশীল ক্ষমতা এবং দক্ষতা, মাতৃভাষায় সাহিত্য ও শিল্পসৃষ্টির মাধ্যমে সার্থকতা লাভ করতে পারে। মাতৃভাষার যথাযথ চর্চা ছাড়া ব্যক্তিত্বের স্কুরণ অসম্ভব। মাতৃভাষাই সর্বাধিক আত্ম প্রকাশের কেন্দ্রস্থল। মাতৃভাষা সংস্কৃতি রক্ষণে সহায়ক। মাতৃভাষা সামাজিক ও মানবিক বন্ধনকে দৃঢ় করে মন ও বুদ্ধিকে তীক্ষ্ণ করে। আবেগের প্রশিক্ষণ, ব্যক্তিত্ব ও চরিত্রগঠনে মাতৃভাষা বিশেষভাবে সাহায্য করে। মাতৃভাষা সামাজিকরণের শ্রেষ্ঠ মাধ্যম, প্রতিভা স্কুরণে অদ্বিতীয় সহযোগী। মাতৃভাষা ছাত্রদের মানসিক সুস্থতা বজায় রাখতে সাহায্য করে। মাতৃভাষা মন ও বুদ্ধিকে তীক্ষ্ণ করে। মাতৃভাষায় রচিত সাহিত্যের মাধ্যমে চিন্তনের সঙ্গে শিক্ষার মিলন ঘটে এবং ফল হি সাবে শিক্ষা সহজ ও স্বাধীন হয়। ভাষা সাহিত্যের সৌন্দর্যরাজি উপভোগ করতে মাতৃভাষার গুণ অত্যন্ত প্রয়োজন। মাতৃভাষা ভাবগ্রহণ ও ভাবপ্রকাশের সবচেয়ে সহজ, সুন্দর ও তৃপ্তিকর মাধ্যম। মাতৃভাষায় স্পষ্টতা জন্মে। সর্বজনীন শিক্ষার একটি প্রধান শর্তই হল মাতৃভাষার মাধ্যমে সর্বস্তরে শিক্ষার ব্যবস্থা করা, সেইজন্য যত শীঘ্র সম্ভব সর্বস্তরে মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম হিসাবে গ্রহণ করাই হবে সর্বপেক্ষা বলিষ্ঠ পদক্ষেপ।

উৎস –

- ১) ‘মাতৃভাষা শিক্ষণ পদ্ধতি’ – শ্রী বীরেন্দ্র মোহন আচার্য।
- ২) ‘বাংলা ভাষা সাহিত্য শিক্ষণ পদ্ধতি’ – গৌরমোহন রায়।
- ৩) ‘বাংলা শিক্ষণ পদ্ধতি’ – রজত কুণ্ডু ও সম্পা কুণ্ডু।

\*\*\*\*\*



Printed at-  
Pappu Offset & Advertising,  
Barjatrapur, Cachar, Assam.

**ISBN : 978-93-5196-685-2**